সুন্নাৎ

মহম্মদই নারীদের উপর বোরখা চাপিয়েছে (সুরা ২৪.৩১)। গত ১২০০ বছর ধরে পৃথিবীতে বিরাট একটা অংশের কোটি কোটি মহিলা বোরখা না পরে কখনোই বাইরে বেরোতে পারে না। মহম্মদ যেখানে জীবন কাটিয়েছেন তার সামান্য দক্ষিণে আডেন-এ এত গরম যে জামা গায়ে দিলেই সঙ্গে সঙ্গে তা ঘামে ভিজে যায়, এ গরমেও দেখেছি মহিলারা সারা শরীর, পুরো মুখ, বোরখা দিয়ে ঢেকে রাখছে, তারা যদি বোরখা পরে না বেরোত, যথাসম্ভব তাদের খুন করে ফেলা হত।

মেয়েদের সুন্নত—পুরুষদের সুন্নত (Circumcision) ও মেয়েদের সুন্নত (Clitorectomy) করা প্রসঙ্গে ইসলামি আইনে বলা হয়েছে, নারী-পুরুষ উভয়ের পক্ষেই নিজেদের জন্য ও তাদের ছেলেমেয়েদের জন্য এটা করিয়ে নেওয়া বাধ্যতামূলক, কেউ এ ব্যাপারে অবহেলা করলে ইমাম জোর করে তার ব্যবস্থা করতে পারেন।

সিডনি মর্নিং হেরাল্ড-এর ৬ জানুয়ারি, ১৯৭০ সংখ্যায় মিশরে মেয়েদের সুন্নত করার ওপরে একটি লেখা প্রকাশিত হয়েছিল। সেই লেখায় জানানো হয়েছে, মিশরের গ্রামগুলিতে প্রায় সব কমবয়সী মেয়েদেরই সুন্নত করে দেওয়া হয়। তারপর মন্তব্য করা হয়েছে, বাস্তবিক মেয়েদের এই সুন্নত করা তাদের খোজা করার সামিল।

বইয়ের নাম সন্ত্রাসের ইসলাম—তালাকের কোরান—লেখক মালেক তসলিম রুশীদ, প্রকাশক নার্গিস পারভিন মুর্শিদাবাদ।

রবীন্দ্রনাথ দত্ত

উৎসর্গ

যাঁদের হারায়ে খুঁজি

৺**প্রিয়রঞ্জন কুণ্ডু,** যাঁর সাথে আমার পরিচয় ১৯৪৬ থেকে—স্বাধীনতা সংগ্রামী, গত ৩০.১২.২০১১ তারিখে পরিণত বয়সে অমৃতলোকে যাত্রা করেছেন। তিনি অবসর জীবনে হিন্দুত্বের উপর অনেক বই লিখে গেছেন যা ভাবীকালের গবেষকদের নিকট এক অমূল্য সম্পদ বলে পরিগণিত হবে। তাঁর প্রতি রইল আমার আন্তরিক শ্রদ্ধা, তাঁর অমর আত্মার চিরশান্তি কামনা করি।

৺**দেবজ্যোতি রায়** গত ১৮.৭.২০১৩ তারিখে অসংখ্য পাঠক পাঠিকাকে শোকসাগরে ভাসিয়ে অমৃতলোকে যাত্রা করেছেন। তাঁর এই অকাল প্রয়াণে মানব সমাজের যে কি ক্ষতি হয়েছে তা আমি ভাষায় প্রকাশ করতে পারি না। ইসলাম, কোরান হাদিসের উপর তার পাণ্ডিত্য অপরিসীম। আমাদের হিন্দুদের নিকট ১০৮ সংখ্যাটির গুরুত্ব অপরিসীম। আমরা যখন দেবতাদের নাম জপ করি তখন ১০৮ বার শিবপূজার সময় তাঁর মাথায় ১০৮টি বিল্বপত্র স্থাপন করি। কোন দেবদেবীর পূজায় চরণতুলসী দিই তখনও সংখ্যা ১০৮টি, মা কালীর পায়ে যখন জবা ফুল দিই বা গলায় মালা দিই তখনও ১০৮টি। আমার দৃষ্টিতে সমগ্র পৃথিবীতে যাঁরা ইসলাম, কোরান হাদিস নিয়ে নিরপেক্ষভাবে গবেষণা করেছেন তাঁদের ১০৮ জনের জ্ঞানভাণ্ডার একত্রিত করলে যা দাঁড়াবে, দেবজ্যোতিবাবুর জ্ঞানভাণ্ডার তার থেকে অনেক বেশি বলে আমি অত্যন্ত আত্মপ্রত্যয় নিয়ে বলতে পারি। আমাদের হিন্দুদের দুর্ভাগ্য, এমন কোন হিন্দু সাহিত্য পরিষদ বা সংস্থা নেই যাঁরা এঁদেরকে মূল্যায়ন করে কোন পুরস্কার বা সাম্মানিক খেতাব দিয়ে সম্মানিত করেন, বা আর্থিক সাহায্য দিয়ে উৎসাহিত করেন। শ্রী রায় প্রায় ২৫টি অসাধারণ গ্রন্থ এবং প্রায় ২৫/৩০টি জনসভায় বক্তব্য রেখেছেন এবং ৫০টির মত হ্যাণ্ডবিল রচনা করেছেন। আমার বর্তমান বয়স ৮৫ (৪/২০১৫), আমার পক্ষে তাঁর অসমাপ্ত কাজ সম্পন্ন করা সম্ভব নয়। তবে ভাবীকালের দেশপ্রেমিক যুবকদের নিকট আমার সনির্বন্ধ আবেদন তাঁরা যেন দেবজ্যোতিবাবুর অসমাপ্ত কাজ সম্পূর্ণ করার জন্য এগিয়ে আসে। শ্রী রায় আমার অনুজ প্রতিম, ২/১দিন পর পরই ফোনে অনেকক্ষণ ধরে কথা হতো, তাঁকে হারিয়ে আমি দিশাহারা, খুঁজে বেড়াই যদি কোথাও কখনো একটু দেখা হয়ে যায়। তিনি যদি দেবজ্যোতি রায় না হয়ে ডেভিড জোসেফ রে হতেন এবং সাদা চামড়ার কুলে জন্মাতেন তাহলে সঠিক মূল্যায়ন হতো। ভগবানের নিকট তাঁর অমর আত্মার

চিরশান্তি কামনা করি এবং পুনরায় এই বঙ্গভূমিতে আগমনপূর্বক দেশমাতৃকার সেবায় যেন নিজেকে নিয়োজিত করেন।

৺**রাণা প্রতাপ রায়** গত ০১.১১.২০১৩ তারিখে তাঁর অগণিত গুণগ্রাহীকে শোকসাগরে ভাসিয়ে পরলোক গমন করেছেন। তাঁর এই অকাল প্রয়াণ আমার নিকট বজ্রপাতসম। ৺দেবজ্যোতি রায়ের মতই তাঁর অপরিসীম পাণ্ডিত্য তাঁর গুণগ্রাহীদেরকে মন্ত্রমুগ্ধ করে রাখতো। জনসাধারণ তাজমহল দেখে, তাঁর স্থাপত্য সৌন্দর্য দেখে মুগ্ধ হন এবং স্থপতিদের প্রশংসায় পঞ্চমুখ হন কিন্তু যে ভিতের উপর তাজমহল দাঁড়িয়ে আছে তার প্রতি একবারও শ্রদ্ধা প্রদর্শন করেন না। এখানে আমি যাঁদের নাম উল্লেখ করলাম তাঁরা হিন্দুত্বের যে ভিত তৈরি করে দিয়ে গেলেন ভাবীকালের হিন্দুত্বের পতাকাবাহীরা এঁদের কর্মধারা থেকে অনুপ্রেরণা নিয়ে দেশমাতৃকার সেবায় আত্মনিয়োগ করবে বলে আমার বিশ্বাস। ৺ রাণা প্রতাপ রায়ের অমর আত্মার চিরশান্তি কামনা করি, ৺দেবজ্যোতি রায়ের মতো তাকেও আমি খুঁজে বেড়াই যদি কখনো কোথাও একটু দেখা হয়ে যায়।

৺**ডঃ দিনেশচন্দ্র সিংহ** আমার বাল্যবন্ধু। গত ১৬.০৬.২০১৪ তারিখে তাঁর অগণিত পাঠককে শোকসাগরে ভাসিয়ে অমৃতলোকে যাত্রা করেছেন। দেশ ভাগের উপর তাঁর গবেষণামূলক তথ্যভিত্তিক গ্রন্থগুলির গুরুত্ব অপরিসীম। দেশভাগের সময় প্রায় ২০ লক্ষ নিরীহ আবালবৃদ্ধ নারী খুন হয়েছেন, এক লক্ষেরও বেশি মা এবং ভগিনী ধর্ষিতা হয়েছেন। লক্ষ লক্ষ লোক বাস্তুচ্যুত হয়েছেন। তিনি তাঁর নিখুঁত চিত্র অঙ্কন করেছেন তার লেখা বই এবং প্রবন্ধের মধ্য দিয়ে। পশ্চিম পাকিস্তানে বর্বর মুসলিম লীগের অত্যাচারের বর্ণনা দিয়ে অনেক লেখক অনেক বই লিখেছেন। কিন্তু সেক্যুলার বাঙালীরা অকথ্য অত্যাচারিত হয়েও তা লিপিবদ্ধ করেনি। দিনেশবাবুর বইগুলি ভাবীকালের গবেষকদের কাছে এক অমূল্য সম্পদ বলে পরিগণিত হবে বলে আমার বিশ্বাস। তাঁর অমর আত্মার চিরশান্তি কামনা করি এবং উপরোক্ত দু'জনের মতো তাঁকেও আমি খুঁজে বেড়াই যদি কখনো কোথাও একটু দেখা হয়ে যায়।

মরহুম ডঃ হুমায়ুন আজাদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক। তাঁর লেখা বইয়ের সংখ্যা ৬০-এর অধিক, তার মধ্যে পাক সার জমিন সাদ বাদ এবং ১০,০০০ এবং আরো ১টি ধর্ষণ এক অনবদ্য প্রকাশনা। উল্লিখিত প্রথম পুস্তকে তিনি লিখেছেন, ১৯৭১-এ মহা মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে আমরা সৃষ্টি করি একটি স্বাধীন দেশ। বাংলাদেশ। কিন্তু প্রতিক্রিয়াশীল অন্ধকারের শক্তিরাশি আমাদের সামনের দিকে এগোতে দেয়নি, বরং নিয়ে চলেছে মধ্যযুগের দিকে, বাংলাদেশকে করে তুলছে একটি অপপাকিস্তান, মৌলবাদ এখন দিকে দিকে

হিংস্ররূপ নিয়ে দেখা দিচ্ছে। ত্রাসে ও সন্ত্রাসে দেশকে আতঙ্কিত করে তুলেছে।

উল্লেখ্য দ্বিতীয় পুস্তকটির প্রথম পৃষ্ঠায় তিনি লিখেছেন, বাংলাদেশ এখন হয়ে উঠেছে এক উপদ্রুত ভূখণ্ড, হয়ে উঠেছে ধর্ষণের এক বিশাল রঙ্গমঞ্চ, ৫৬,০০০ বর্গমাইল ব্যাপী পীড়নের এক শোচনীয় প্রেক্ষাগার, ধর্ষিতা হচ্ছে মাটি মেঘ নদী রৌদ্র জ্যোৎস্না দেশ এবং একটি নারী ধর্ষণের কাহিনী বলা হয়েছে এই উপন্যাসে। ধর্ষিতা ময়না আত্মহত্যা করেনি, অভিযোগ করেনি, সে তার অবৈধ সন্তানটিকে টুকরো টুকরো করেছে একটি ধারালো দা দিয়ে; এবং প্রতিশোধ নিয়েছে সে অন্তত একটি শুয়োরকে টুকরো টুকরো করতে পেরেছে বলে।

এই প্রকার বই লেখার অপরাধে ২০০৪ সালে বইমেলা থেকে বাড়ি ফেরার পথে তার দেহ চপারের আঘাতে খণ্ড বিখণ্ড হয়, অবশেষে মৌলবাদীদের উদ্দেশ্য সাধিত হয় এবং তিনি মহান ইসলামের দুশমন হিসাবে ইন্তেকাল (মৃত্যুবরণ) করেন।

তাঁর এই বই দুটোর কিছুটা অংশ আমি আমার বই ধর্ষিতার জবানবন্দীতে তুলে দিয়েছি।

মালালার নোবেল পুরস্কার প্রাপ্তিটা আমার কাছে একটা কাকতালীয় ব্যাপার। আমার মনে হয় মৌলবাদের বিরুদ্ধে যারা সংগ্রাম করেছে এবং মৌলবাদের আবরণ উন্মোচন করার জন্য যাদের যৌথভাবে নোবেল পুরস্কার পাওয়া উচিত তাঁদের মধ্যে পশ্চিমবঙ্গের ৺দেবজ্যোতি রায়, ৺রাণা প্রতাপ রায় এবং বাংলাদেশের মরহুম হুমায়ুন আজাদ এবং তসলিমার নাম বিশেষভাবে বিবেচনাযোগ্য।

এছাড়াও মৌলবাদের বিরুদ্ধে সংগ্রাম করে যাঁরা জীবনপাত করেছেন তাঁদের মধ্যে অনাবাসী ভারতীয় ৺অরবিন্দ ঘোষ, ৺বিনয়ভূষণ ঘোষ, ৺অধ্যাপক প্রণয় বল্লভ সেন ও ৺ডঃ নরেন্দ্রলাল দত্ত বণিককে আমি অন্তরের অন্তস্থল থেকে শ্রদ্ধা নিবেদন করছি।

গত প্রায় ২৫ বৎসর ধরে যারা ইসলামি মৌলবাদের বিরুদ্ধে অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছেন তাঁদের মধ্যে শ্রীঅমিতাভ ঘোষ, ডঃ রাধেশ্যাম ব্রহ্মচারী, ড. রুদ্রপ্রতাপ চট্টোপাধ্যায়, শ্রীশুভব্রত বন্দ্যোপাধ্যায়, ডঃ কৃষ্ণকান্ত সরকার, শ্রীমানিকলাল রায়, শ্রীবীরেন্দ্রকুমার ভৌমিক, গিয়াসুদ্দিন, শ্রীমোহিত রায়, শ্রীপ্রকাশ চন্দ্র দাস, শ্রীনিত্যরঞ্জন দাস, ডঃ দুর্জয় চৌধুরী, পবিত্র চৌধুরী, পবিত্র রায় এবং বাংলাদেশের শাহরিয়ার কবির সালাম আজাদ এবং শ্রীরবীন্দ্র ঘোষের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। তাঁদের প্রতিও রইল আমার অপরিসীম শ্রদ্ধা।

রবীন্দ্রনাথ দত্ত

ভূমিকা

আমার এই তথ্যবহুল বইটি আমার নিজস্ব কোন লেখা নয়; বিভিন্ন সংবাদপত্রে সাংবাদিক, প্রবন্ধকার; পত্র লেখকদের লেখা থেকে তথ্য সংগ্রহ করে তার ওপর আমার কিছু মন্তব্য সহকারে জনসাধারণের গোচরে আনার একটা প্রয়াস মাত্র। আমার বর্তমান বয়স ৮৫ (এপ্রিল, ২০১৫) নানা ব্যস্ততার মধ্যে সময়াভাবে বইটি গুছিয়ে লিখতে পারিনি বলে আমার সহৃদয় পাঠক-পাঠিকাদের নিকট ক্ষমাপ্রার্থী। মুসলমান পাঠকরা বইটা পড়ে আমার ওপর রুষ্ট হতে পারেন, তবুও আমার করার কিছুই নেই। জীবনে যা সত্য বলে মনে করেছি তা বিনা দ্বিধায় জনসাধারণের নিকট প্রকাশ করা কর্তব্য বলে মনে করি। ধর্মের নামে মাতা এবং ভগিনীদের ওপর বর্তমান যুগেও যে অত্যাচারের স্টিম রোলার চালানো হয় তার বিরুদ্ধে গর্জে ওঠাই আমার একমাত্র লক্ষ্য। যাদের ওপর এই অত্যাচারের স্টিমরোলার চালানো হচ্ছে তারা এতই অসহায় যে প্রতিবাদ করার সাহসটুকু পর্যন্ত হারিয়ে ফেলেছে। তাদেরই বুকফাটা কান্নার প্রতিফলন হচ্ছে আমার কলমের মধ্য দিয়ে। আমার বহু পরিশ্রমের ফসল বইটা পড়ে অন্তত একজন মানুষের মনেও যদি প্রতিবাদের আগুন জ্বলে ওঠে তবে মনে করবো আমার পরিশ্রম সার্থক হয়েছে।

লেখকের অন্যান্য বই

(১)	শ্রী অটলবিহারী বাজপেয়ী ও লালকৃষ্ণ আদবানীর নিকট খোলা পত্র	মূল্য ১০
(২)	মানবতার শত্রু ইসলাম	মূল্য ১০
(৩)	মমতা বন্দ্যোপাধ্যায়ের নিকট খোলা পত্র	মূল্য ৫
(৪)	নিঃশব্দ সন্ত্রাস	মূল্য ১৫
(৫)	ধর্ষিতার জবানবন্দী	মূল্য ২৫
(৬)	দ্বিখণ্ডিতা মাতা, ধর্ষিতা ভগিনী	মূল্য ৮
(৭)	নমোঃ নমোঃ নমোঃ	মূল্য ৪
(৮)	পূর্ববঙ্গ ও হিন্দু সমাজ বই তো নয় যেন একটি স্ফুলিঙ্গ	মূল্য ১০

প্রাপ্তিস্থান ঃ

বিবেকানন্দ সাহিত্য কেন্দ্র

৬, বঙ্কিম চ্যাটার্জি স্ট্রিট, কলকাতা-৭০০ ০৭৩

কলেজ স্কোয়ার পূর্ব

মোবাইল ঃ ৯৩৩৯৪৯৯৫৯৫

২০১৪ সালের সেপ্টেম্বর মাসে ইসলামি জঙ্গি গোষ্ঠী আলকায়দা—প্রধান আয়মান আল জাওয়াহিরি, ভারতকে মহান ইসলামের সুশীতল ছত্রছায়ায় নিয়ে আসতে তার শাখা খোলার কথা ঘোষণা করেছে, তার প্রথম পর্যায়ে রয়েছে পশ্চিমবঙ্গকে ভারত থেকে বিচ্ছিন্ন করে বাংলাদেশের অন্তর্ভুক্ত করা। পশ্চিমবঙ্গ, ত্রিপুরা, অসম এবং বিহারের পূর্ণিয়া প্রভৃতি মুসলিম প্রধান অঞ্চলকে একত্রিত করে বৃহত্তর মুসলিম বাংলাদেশ গঠন করা। শেখ মুজিবর রহমানও তাঁর জীবদ্দশায় এই মত পোষণ করতেন। অসমের খনিজ সম্পদ, বর্ধমানের কয়লা খনিগুলির দখল না নিতে পারলে বাংলাদেশের অস্তিত্ব বজায় রাখাই কঠিন হবে। এখানে উল্লেখ্য যে, চীন তিব্বত দখলের পর ব্রহ্মপুত্র নদের গতিপথ বদল করে তার জল চীনের দিকে প্রবাহিত করার ফলে ভারতস্থ (অসম) অংশে ব্রহ্মপুত্র নদে বিশাল চর সৃষ্টি হয়। সেই সব চরে বাংলাদেশের মুসলমান অনুপ্রবেশ ঘটিয়ে অসমকে একটি মুসলিম প্রধান রাজ্যে পরিণত করতে বাংলাদেশের মৌলবাদী গোষ্ঠী বিশেষ সচেষ্ট। এখানে একটিমাত্র উদাহরণ দিচ্ছি। অসমের অন্তর্গত বরোল্যাণ্ড নামক যে স্থানটি আছে তাতে বরোরাই, বাংলাদেশী মুসলমান অনুপ্রবেশের ফলে সংখ্যালঘু হয়ে পড়েছে। সেখানে জনসংখ্যার শতকরা ৩০ জন বরো এবং ৭০ জন বাংলাদেশী মুসলমান অনুপ্রবেশকারী; বর্তমানে অসম বিধানসভায় বদরউদ্দিন আজমলের দলের ১৮ জন সদস্য রয়েছে। তাদের সাহায্য ছাড়া অসমে কোন দলই সরকার গঠন করতে পারবে না। আলকায়দা নেতার এই ঘোষণার পূর্বেই স্বাধীনতার পর থেকে গত ৬৭ বৎসর (১৯৪৭-২০১৪) ইসলামি জঙ্গিদের আক্রমণে অসংখ্য হিন্দু নিহত এবং কয়েক হাজার কোটি টাকার সম্পত্তি ধ্বংস হওয়ার পরও ভারতের শাসকগোষ্ঠী মুসলিম ভোট হারানোর ভয়ে কোন জরুরি পদক্ষেপ নেননি। তবে একটা সুলক্ষণ দেখা যাচ্ছে সম্প্রতি কয়েকজন নির্ভীক সাংবাদিক এবং প্রাবন্ধিক এই নিয়ে বিভিন্ন পত্র-পত্রিকায় লেখালেখি আরম্ভ করেছেন। সংবাদপত্রগুলি লোকে পড়ে মাসের শেষে পুরানো সংবাদপত্র ক্রেতাদের কাছে বিক্রি করে দেয়। তাই আমার মনে হয়েছে এ সম্বন্ধে একটা ছোট পুস্তিকা প্রকাশ করে জনসচেতনতা বৃদ্ধির প্রয়াস নেওয়া যাক।

ইতিমধ্যে আলকায়দা প্রধানের ঘোষণার পর প্রচুর সংখ্যক মুসলমান যুবক ঐ সংস্থার সদস্য হওয়ার জন্য ইচ্ছা প্রকাশ করেছেন বলে কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা ভারত সরকারের কাছে তাদের রিপোর্ট জমা দিয়েছে। তাছাড়াও পশ্চিমবঙ্গের

প্রাক্তন রাজ্যপাল শ্রী এন. কে. নারায়ণন যিনি ভারত সরকারের একসময় নিরাপত্তা উপদেষ্টা ছিলেন, বলেছেন "জিহাদের নতুন সংস্করণ ছোট কিন্তু শক্তি ধারায় মজেছে ভারতীয় যুব সমাজ, জিহাদে আকৃষ্ট হচ্ছে শ'য়ে শ'য়ে যুবক।

এখানে একটা কথা চিন্তা করার আছে। কিসের নেশায় হাজার হাজার মুসলিম যুবক এই বিপদসঙ্কুল পথে পা বাড়াচ্ছে। মানব বোমা হয়ে নিজের জীবন ধ্বংস করছে। কথাটা জলের মত পরিষ্কার, ইসলাম ধর্ম মতে ইসলামের জন্য জেহাদে যোগ দিয়ে প্রাণ ত্যাগ করলে বেহেস্তে (স্বর্গে) যাওয়ার পথ সুগম হবে। মহান আল্লার বেহেস্তে তারা হবেন মহা সম্মানিত অতিথি। সেখানে থাকবে স্বর্গীয় খাবার দাবার ও ফলমূল, দুধের নহর (খাল) থেকে দুধ, মধুর নহর থেকে মধু ও সুরার নহর থেকে স্বর্গীয় সুরা পেয়ে থাকেন। সেই স্বর্গবাসীর বয়স থাকবে ৩২ বৎসর পর্যন্ত, তারপর আর বয়স বাড়বে না। সেখানে প্রতিটি স্বর্গবাসী মুসলমান হাজার হাজার অপূর্ব সুন্দরী রমণী বা হুরী পাবে যারা সবসময় কুমারী থাকবে। তাদের বয়স ১৬ বছরের বেশি হবে না। আল্লাহ প্রতিটি স্বর্গবাসী মুসলমানকে অঢেল যৌন ক্ষমতা দেবেন। একজন হুরীর সাথে যৌনক্রিয়া আরম্ভ করলে তা ৪০ বৎসর স্থায়ী হবে। ইসলামি জঙ্গি শিবিরগুলিতে শিক্ষাদান কালে এইসব বক্তব্য শিক্ষার্থীদের মাথায় প্রবেশ করানোর ফলে তারা এই সব হিংসাত্মক কাজে লিপ্ত হয়। অনেকে বলেন, মুসলমানদের শিক্ষার অভাব এবং অভাবের তাড়নায় যুবকেরা জঙ্গি সংগঠনে যোগ দেয়। একথা আমি মোটেই মানতে পারছি না। ওসামা বিন লাদেন একজন ধনাঢ্য এবং উচ্চশিক্ষিত ইঞ্জিনিয়ার ছিলেন। আমেরিকার ১১ সেপ্টেম্বর ট্রেড সেন্টার ধ্বংসের নায়ক আটা মহম্মদ একজন উচ্চশিক্ষিত এবং ধনীর সন্তান ছিলেন। কিন্তু ইসলামি বেহেস্তে অফুরন্ত সুরা এবং নারী ভোগের লোভেই তারা এই বিপদসঙ্কুল পথে পা বাড়িয়েছেন।

গত ২০১৩ সালে বইমেলায় এক মুসলিম যুবকের সঙ্গে আমার আলাপ হয় এবং তার সাথে ইসলাম সম্পর্কে কিছু কথা বলার আগ্রহ প্রকাশ করলাম। তার সঙ্গে প্রথম কথাতেই বুঝতে পারলাম যে সে একজন কট্টর ইসলামপন্থী, অনেকক্ষণ আলোচনার পর তাকে আমি জিজ্ঞেস করলাম, ধরুন আপনারা পুরো ভারতবর্ষকে দারুল ইসলামে (মুসলিমশাসিত রাজ্য) পরিণত করলেন, তখন কিভাবে আপনাদের শাসন ব্যবস্থা কায়েম করবেন? তার উত্তর ঃ মানুষের তৈরি কোন আইনকানুন সংবিধান দণ্ডবিধি তারা মানবে না, কোরান এবং হাদিসের নিয়ম অনুসারে চলবে দেশের শাসন ব্যবস্থা। সমস্ত অধিবাসীকে ইসলাম কবুল করতে হবে। সুন্নত করাতে হবে, ইসলামি নাম রাখতে হবে। লম্বা দাড়ি রাখতে হবে, গোঁফ কামিয়ে ফেলতে হবে। পাঁচ ওয়াক্ত নামাজ আদায় করতে হবে। সমস্ত মন্দির

এবং মূর্তি ধ্বংস করতে হবে। মূর্তিপূজা করা চলবে না, মহিলাদেরকেও সুন্নত করতে হবে এবং ইসলামি পোশাক পরতে হবে। একা মহিলারা বের হতে পারবে না। বাড়ির কোন পুরুষসঙ্গী নিয়ে বের হতে হবে। অবিবাহিতদের পিতা অথবা ভ্রাতাদের, বিবাহিতারা স্বামীর অনুমতি নিয়ে, স্বামীর অবর্তমানে পুত্রের অনুমতি নিয়ে বের হতে হবে, ইত্যাদি। তখন আমি তাকে প্রশ্ন করলাম, পৃথিবীতে অনেক মুসলিম রাষ্ট্রে তালিবানি শাসন চালু হয়েছে, যথা—মেয়েরা সাইকেল চালাতে পারবে না কারণ সাইকেল প্যাডেল করার ফলে তাদের যৌনাঙ্গের পেশীসমূহ অতিরিক্ত চাপের ফলে উত্তেজনাবশতঃ তাদের চরিত্রহানি হতে পারে। কোন কোন মুসলিম দেশে বোরখা পরে গাড়ি চালানোর অনুমতি দিয়েছে কিন্তু মেয়েদের সাইকেল চালানো নিষিদ্ধ। কোন মুসলমান মেয়ে স্বামীর সঙ্গে বোরখা পরে মোটর সাইকেলে যেতে পারবে কিন্তু দু'দিকে পা ফাঁক করে বসতে পারবে না। একদিকে পা রাখতে হবে। মেয়েদের খেলাধূলা, সঙ্গীতে অংশগ্রহণ করা, কোন পুরুষ ডাক্তারের কাছে চিকিৎসার জন্য যাওয়া সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে। আমি আরো বললাম, আপনারা হিন্দুদের পৌত্তলিক বলে ঘৃণা করেন এবং হত্যার যোগ্য মনে করেন। অথচ দেখা যাচ্ছে মক্কা শরীফে হজ্ করতে গিয়ে মুসলমানরা মস্তক মুণ্ডন করে সাদা ধুতি এবং চাদর জড়িয়ে একটা কালো পাথর চুম্বন করেন যার নাম আল হাজর আল আনোয়াদ। মালদহে কদম রসুল মসজিদে একজোড়া পাথর রাখা আছে তাকে আপনারা হজরত মহম্মদের (দঃ) পদচিহ্ন হিসাবে শ্রদ্ধা করেন। কাশ্মীরে একটা মসজিদে হজরত মহম্মদের (দঃ) একগাছা "বাল" (চুল) রাখা আছে, সেই মসজিদ হজরত বাল মসজিদ নামে খ্যাত। সেই বাল একবার হারিয়ে গেছে এমন একটা গুজবের ফলে বাংলাদেশে অসংখ্য হিন্দু হত্যা, নারী ধর্ষণ, গৃহদাহ, লুঠপাট চালানো হয়েছে; এই ব্যাপারে আপনার মতামত জানতে চাই। আপনাদের ধর্মের মূল কথা হল লা ইলাহা ইল্লাল্লাহা মহমুদুর রসুল আল্লা অর্থাৎ আল্লা ভিন্ন উপাস্য নেই এবং মহম্মদ (দঃ) আল্লার একমাত্র রসুল, অথচ সমগ্র পৃথিবীতে দেখা যাচ্ছে মুসলমানরা পীর হাফেজ মৌলানা কারীদের কবরখানায় মাজার তৈরি করে কাফের (ঘৃণিত তথা মূর্তি পূজক হিন্দু)-দের মত ধূপধুনা, ফুলের মালা এবং চাদর চড়িয়ে আল্লার পরিবর্তে এইসব মৃত পীরদের কবরের পূজা করছে এবং মানত করছে, মনোবাসনা পূর্ণ হলে সেখানে প্রচুর ধনদৌলত উপঢৌকন দিচ্ছে, এটা কি ইসলাম বিরোধী নয়? মৃত মুসলমানদের কবরের উপর ইট-পাথর দিয়ে সৌধ নির্মাণ করাও ইসলামবিরোধী—তাও করে চলছে মুসলমানরা, এইসব প্রশ্নের উপর আপনার সুচিন্তিত মতামত জানতে চাই।

উত্তরে তিনি বললেন, 'ইসলামের অত গূঢ় তথ্য জানার জন্য আপনাকে অশেষ

ধন্যবাদ তবে আমাদের কিছু গোপন এজেণ্ডা আছে, যত দিন না আমরা শক্তি সঞ্চয় করছি ততদিন আমরা এইসব ব্যাপারে ঘাঁটাঘাঁটি করতে চাই না। তবে আমরা যদি সব দারুল হার্বকে (অমুসলিম শাসিত রাজ) দারুল ইসলামে (মুসলমানশাসিত রাজ) পরিণত করতে পারি তখন আমরা এই সব মাজার ইত্যাদি গুঁড়িয়ে দেবো। এইসব স্থানে কিছু মুসলমান ব্যবসা পেতে বসেছে। যেমন, খাজা মঈনুদ্দিন চিসতির দরগা, ওখানে কোটি কোটি টাকা আমদানি হয়। এটা সম্পূর্ণ ইসলামবিরোধী। মানত করা তাবিজ কবজ ধারণ করা, রোগ সারানোর জন্য পানি পড়া খাওয়ানো, সুদ খাওয়া কাফেরের (বিধর্মীর) অধীনে চাকুরি করা জাকাৎ না দেওয়া ইত্যাদি ইসলাম বিরোধী কাজ আমরা বন্ধ করবো। তবে সেই পর্যায়ে পৌঁছতে একটু সময় নেবে, আমি আরো প্রশ্ন করলাম, গত শতাব্দীতে মক্কা শরীফের কিছু কিছু বিখ্যাত মাজার কট্টরপন্থী ইসলামিরা গুঁড়িয়ে দিয়েছে, এই সংবাদ আপনি অবগত আছেন কি? তিনি অকপটে স্বীকার করলেন, এই সংবাদ তার জানা আছে।

এবার আমার সহৃদয় পাঠক-পাঠিকাদের অবগতির জন্য গত ১৬.৯.২০১৪ তারিখের আনন্দবাজার পত্রিকায় প্রকাশিত শাশ্বতী ঘোষ লিখিত একটি প্রবন্ধ এখানে ছাপিয়ে দেওয়া হল যা পাঠ করে জনসাধারণ বুঝতে পারবেন ইসলামি মৌলবাদ কি ভয়ঙ্কর মানবতাবিরোধী।

মৌলবাদ, যে রঙেরই হোক, ভয়ানক

শাশ্বতী ঘোষ

আইএসআইএস সশস্ত্র জঙ্গিরা ইসলামিক স্টেট অব ইরাক অ্যাণ্ড সিরিয়া/লেভান্ত পরিচয় থেকে এখন নিজেদের অধিকৃত ইরাক আর সিরিয়ার অংশকে নাম দিয়েছে ইসলামিক স্টেট (আইএস) বা খিলাফত। ইরাকের দ্বিতীয় বৃহত্তম শহর মসুল দখল করে তারা মসুলনিবাসী পৃথিবীর অন্যতম প্রাচীন খ্রিস্টান জনগোষ্ঠী ও তার চেয়েও প্রাচীন জরথুস্ত্রপন্থী ইয়েজিদি সম্প্রদায়কে ফতোয়া দিয়েছে, হয় ইসলাম নয় মৃত্যু। এরপর পাহাড় মরুভূমি পেরিয়ে লক্ষ লক্ষ মানুষের পলায়ন, অভাবনীয় হত্যাকাণ্ড, জিয়ন্তে পুঁতে ফেলার খবরের পরে একের পর এক পশ্চিমী সাংবাদিক ও সমাজকর্মীর জবাইয়ের ছবি দেখে আমরা শিউরে উঠলাম। যে কাহিনীগুলো বাইরে এল, তাতে মনে হল ইসলামকে বিশুদ্ধ করার দায়টা প্রাথমিকভাবে মেয়েদেরই নিতে হবে। তিন বছর আগে ইরাকি জনগণ স্লোগান দিয়েছিল, 'বাগদাদ কান্দাহার নয়', এ বার মসুল শহরে দেওয়ালে দেওয়ালে বড় বড় লাল অক্ষরে লেখা নিনেভ কান্দাহার নয় আমাদের রক্ষা করো।'

আফগানিস্তানে কান্দাহার ছিল তালিবানের সদর দপ্তর। হুকুম জারি হয়েছিল সেখানে পুরো মুখ ঢাকা বোরখা না পরলে মেয়েদের মরতে হবে। ইয়েজিদি মেয়েরা যুদ্ধের লুঠ হিসেবে যথেচ্ছ ধর্ষিত, খ্রিস্টান মেয়েদের যৌনদাসী হিসেবে বিক্রি করে দেওয়া—এই তো বিধর্মীর উপযুক্ত শাস্তি। বেড়ে গেছে শিশু 'বিবাহ'। সাত বছরের মেয়েকেও বিয়ে করে শয্যাসঙ্গী করা হচ্ছে।

আইএস অধিকৃত মসুলে মেয়ে ডাক্তারদের বলা হয়েছে, তাঁদের পুরো শরীর ঢাকা বোরখা, হাতে দস্তানা পরতেই হবে, যাতে শরীরের কোনও অংশ দেখা না যায়। মসুলের হাসপাতালে দুই ডাক্তারনি, সালওয়া মোহাজের আর আনসাম আল-হামদানি তাঁদের সোস্যাল নেটওয়ার্কে লিখেছেন, চিকিৎসকের ভীষণ অভাব। সবাই প্রায় পালিয়ে গিয়েছেন। তাঁরাও এই সব ফতোয়া মেনে ডাক্তারি করছেন, নির্ধারিত পোশাকে রোগিণীদের দেখা এবং শল্যচিকিৎসা করা সম্ভব নয় বললে বলা হয়েছে, নির্ধারিত পোশাক পরা অনেক বেশি জরুরি। মেয়েদের বিভাগে পুরুষ জঙ্গিরা সব সময় ঢুকে আসছে নজরদারি করতে। এবং এমনকি ডাক্তার ও নার্সরাও ধর্ষণের হাত থেকে বাঁচেননি। জুন মাসে মসুল দখলের পরে এক সপ্তাহেই আঠারোটি ধর্ষণের ঘটনা প্রকাশ্যে আসে, যেখানে চারজন নিগৃহীতা ও একজনের ভাই আত্মহত্যা করেছেন বলে জানা গেছে।

সবচেয়ে চিন্তার—মসুলে বিজ্ঞপ্তি পড়েছে, ১১ থেকে ৪৯ বছরের সব মেয়েকে 'ছুন্নত' করতে হবে। মেয়েদের ছুন্নত ব্যাপারটা আফ্রিকার বেশ কয়েকটি দেশে আর মুসলিম দেশে চালু রয়েছে। এতে মেয়েরা যাতে কখনও যৌন আনন্দ না পেতে পারেন, এবং শুধুমাত্র শৌচকার্য আর সন্তান জন্মের প্রয়োজনীয় প্রক্রিয়াটি চালাতে পারেন, সেজন্য জন্ম থেকে সাধারণত পনেরো বছর বয়সের মধ্যে মেয়েদের যৌনাঙ্গের প্রায় সবটুকু কেটে ফেলে দেওয়া হয়। এটা সাধারণত করে নাপিত ধরনের মানুষেরা। ছুরি, কাঁচি, দাড়ি কামানোর রেজর প্রভৃতি দিয়ে। তাদের প্রায়শই কোনও প্রশিক্ষণ থাকে না। মেয়েটি রক্তক্ষরণে বা সংক্রমণে মারা যেতে পারে, বেঁচে গেলে সারা জীবন অস্বস্তি, বার বার সংক্রমণ, অসুস্থতা নিয়ে আধা জীবন- যাপন। বিশ্ব স্বাস্থ্য সংস্থার হিসেবে সারা পৃথিবীতে প্রায় বারো কোটি মেয়ে এর শিকার। মিশর আর সোমালিয়ায় প্রায় সমস্ত মেয়েদের এই ছুন্নত হয়, অন্যত্র এমনকি পশ্চিমেও কমবেশি ঘটে। এটি মধ্যপ্রাচ্যের অন্য দেশে হলেও ইরাক বা সিরিয়া হত না। তা হলে এখন কেন? ওই বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, 'এটি মেয়েদের বিপথে চালিত হওয়া থেকে রক্ষা করবে।'

এই খিলাফতের রাজধানী সিরিয়ার আল রাকা শহরে মেয়েদের ইসলামি অনুশাসন পালনের জন্য তৈরি হয়েছে আল খানসা ব্রিগেড। তারা শহরের নামী

হামিদা তাহের গার্লস স্কুলে অভিযান চালিয়ে দশ ছাত্রী, দুই শিক্ষিকা ও এক সেক্রেটারিকে গ্রেপ্তার করে ছ' ঘণ্টা আটকে রাখার পর কয়েকজনকে শাস্তি হিসেবে ৩০ ঘা করে বেত মেরে তারপর ছেড়েছে—কারণ তাদের অনেকের মুখের বোরখার সামনের কাপড়টুকু ছিল খুব পাতলা আর কয়েকজন এমনভাবে ক্লিপ এঁটেছিল যাতে মুখের অনেকটা দেখা যায়। এই সব অনুশাসনের সঙ্গে বিয়ের জন্য অফিসও খোলা হয়েছে। বলা হয়েছে কুমারী মেয়েরা জিহাদিদের শয্যাসঙ্গী হয়ে নিজেদের পরিশুদ্ধ করতে পারে। একদিকে মেয়েরা যাতে পুরুষের চিত্তচাঞ্চল্য না ঘটাতে পারে, তার জন্য নানা নিষেধ, এমনকি পাথর ছুড়ে মৃত্যুদণ্ড, অন্যদিকে মেয়েদের শরীরকে জেহাদিদের যথেচ্ছ ব্যবহার, মেয়েদের অধিকারে এই দ্বিবিধ হস্তক্ষেপ হয়েই চলেছে এই খিলাফতে।

দুই পশ্চিমী সাংবাদিককে যে জবাই করে, ভিডিওতে সেই জঙ্গি কথা বলছিল ব্রিটিশ উচ্চারণে। ব্যাপারটা তাৎপর্যপূর্ণ। শিশু কন্যাদের ক্ষমতায়নের জন্য এই জুলাইয়ের 'গার্ল সামিট'-এ যেখানে আমাদের 'কন্যাশ্রী' প্রকল্প 'গুড প্র্যাকটিস' হিসেবে বাহবা কুড়িয়েছে, সেখানে আয়োজক দেশ ব্রিটেনের মুখ্যমন্ত্রী ডেভিড ক্যামেরন বলেছেন, ব্রিটেনে বছরে ১০,০০০ মেয়েকে ছুন্নত করা হয়, যদিও এটি ১৯৮৫ সালে সে দেশে নিষিদ্ধ হয়। সোমালি লেখিকা আয়ান হিরসি আলি আত্মজীবনী 'ইনফিডেল'-এ নিজের, ছোট বোনের ছুন্নতের অভিজ্ঞতার সঙ্গে সঙ্গে নেদারল্যাণ্ডস-এ সমাজতন্ত্রী দলকে সেই দেশে এই প্রথার ব্যাপকতা ও তা বন্ধ করতে সরকারকে উদ্যোগ নেওয়াতে তাঁর ব্যর্থতার কথা কবুল করেছেন। কারণ সাংস্কৃতিক বহুত্ববাদ, যা বলে—সংখ্যালঘুর কোনও নিজস্ব প্রথা গোষ্ঠীর একাংশকে দমিয়ে রাখলেও তাতে হাত দেওয়া যাবে না।

আশির দশকে ফ্রান্স মুসলিম অভিবাসীদের একাধিক স্ত্রী আনতে চুপচাপ অনুমতি দিয়েছিল। ২০০০ সালের হিসেবে, শুধু প্যারিসেই দু' লক্ষ পরিবারে একাধিক স্ত্রী আছে। ১৯৯৫ সাল থেকে সরকার শুধুমাত্র একটি স্ত্রী ও তার সন্তানকেই বৈধ বলে স্বীকৃতি দেবে বলে ঘোষণা করে। কেন অভিবাসনের শর্ত হিসেবে প্রথমেই সেটা বলা হয়নি? বিভিন্ন পশ্চিমী দেশ, যেমন ফ্রান্স, ইংল্যাণ্ড, মার্কিন যুক্তরাষ্ট্র, গোষ্ঠীর অধিকারের নামে বাল্যবিবাহ, জোর করে বিয়ে, একতরফা বিচ্ছেদ, মেয়েদের ছুন্নত, বোরখা, সম্মানের নামে হত্যা—এ সবকে 'অধিকার'-এর তকমা দিয়ে রেখেছে। মামলা হলে গোষ্ঠীর অধিকার ও সাংস্কৃতিক বহুত্বের নামে অভিযুক্তরা হালকা শাস্তি বা ছাড়া পেয়ে গিয়েছে। এই বহুত্ববাদ প্রায়শ একটি গোষ্ঠীর গোঁড়া অংশটিকে লালিত ও পুষ্ট করে। এইভাবে লালিত ও পুষ্ট হয়ে আজ বহু পশ্চিমীও আইএস-এ যোগ দিতে আকৃষ্ট হয়েছে। এদের কালো

পতাকা দেখা গিয়েছে নিউ জার্সিতে, প্যারিসে।

আই এস-এর উত্থানকে শুধু শিয়া-সুন্নির বিরোধ ভাবলে চলবে না। ধর্মীয় মৌলবাদের ছড়ানো শিকড় এখনই কাটতে না শুরু করলে আমরা সবাই বিষবৃক্ষের ফল খেতে বাধ্য হব। মেয়েদের সর্বনাশ হবে সবচেয়ে বেশি, তা গেরুয়া বা সবুজ যে বৃক্ষই হোক না কেন। পশ্চিমবঙ্গে সরকারি সাহায্যপ্রাপ্ত ধর্মপ্রচারকদের এখনও এ সব নিয়ে টুঁ শব্দ করতে শুনিনি, এঁদের অনেকেই কিন্তু মুক্তচিন্তার শাহবাগ আন্দোলনের বিরোধিতায় জেলায় ও কলকাতায় পথে নেমেছিলেন।

মন্তব্য ঃ প্রসঙ্গত কয়েক বছর আগে কলকাতা প্রেস ক্লাবে একটা প্রেস কনফারেন্সে যোগ দিতে গিয়েছিলাম। সেখানে এক অনাবাসী ভারতীয় চিকিৎসকের সঙ্গে আলাপ হলো। তিনি ইসলামি মৌলবাদের ওপর একটা ঘটনার কথা বললেন যা নিম্নরূপ।

আমেরিকার এক মফঃস্বল শহরে নাইজেরিয়ার এক নিগ্রো মুসলমান পরিবার বাস করতেন। ঐ পরিবারের দুই মেয়ে যাদের বয়স যথাক্রমে ১১ এবং ৯ একই স্কুলে পড়াশুনা করতো। বড়দিনের (X-mas) ছুটিতে তারা তাদের দেশের বাড়িতে বেড়াতে যায়। সেখান থেকে ফিরে এসে ১১ বৎসরের বড় বোন আবার স্কুলে যোগ দেয়। ছোট বোন অনেকদিন অনুপস্থিত থাকায় প্রিন্সিপাল একদিন ছোট বোনের অনুপস্থিতির কারণ জিজ্ঞেস করার উত্তরে বড় বোন বলে 'ও মারা গেছে'। প্রিন্সিপাল তখন কি কারণে তার মৃত্যু হয়েছে জানতে চাইলে সে বলে তাদের দুই বোনের ছুন্নত হয়েছে এবং অতিরিক্ত রক্তক্ষরণের ফলে ছোট বোন মারা গেছে। ছুন্নত কি জিনিস খ্রিস্টান মহিলা প্রিন্সিপাল তা জানতেন না। বিস্তারিত খোঁজ নিয়ে তিনি জানতে পারলেন গ্রাম্য অশিক্ষিত মহিলারা ৪/৫ জন হাত পা চেপে ধরে ক্ষুরজাতীয় ধারালো ছুরি দিয়ে ভগাঙ্কুর কর্তন করে দেয়। ঐ স্থানে কোন প্রকার অবশ (লোকাল এনেস্থেসিয়া) করে দেওয়া হয় না। যন্ত্রণায় ছটফট করলেও নিস্তার নেই। সে বলে তার ঘা এখনো শুকোয়নি এবং ক্ষতস্থানে নতুন মাংস জন্মাচ্ছে এবং যার জন্য সে খুবই অস্বস্তিতে আছে। প্রিন্সিপাল তখন তাদের প্যানেলভুক্ত লেডি ডাক্তারকে কল দিয়ে তাকে স্কুলের মেডিক্যাল রুমে নিয়ে গিয়ে পরীক্ষা করে রিপোর্ট দিতে বলেন। পরীক্ষা করতে গিয়ে ছাত্রীর যৌনাঙ্গের অবস্থা দেখে লেডি ডাক্তার চিৎকার করে আঁতকে উঠলেন। বললেন, হাসপাতাল ছাড়া চিকিৎসা সম্ভব নয়। উপযুক্ত চিকিৎসা না করালে সেপটিক হয়ে এই মেয়েটিও মৃত্যুর কবলে পড়তে পারে। তারপর ছাত্রীর পিতামাতার সম্মতিক্রমে তাকে হাসপাতালে ভর্তি করে সুস্থ করে তোলা হয়। অতএব ভারতের যেসব সেক্যুলারপন্থী নেতা নেত্রী

আছেন আমি তাদের দৃষ্টি আকর্ষণ করছি এখন থেকে যদি তারা সজাগ না হয় শুধু ভোটের পেছনে দৌড়ান তবে তাদেরকেও এই সব বর্বরতার শিকার হতে হবে। তাতে আমার কোন সন্দেহ নেই।

এই সম্বন্ধে বিস্তারিত জানতে আগ্রহী হলে Robert E. Burns-এর লেখা The Wrath of Alla বইয়ের Women and Islam চ্যাপ্টারটা পড়ে দেখতে পারেন। তার ১৪০ এবং ১৪১ পৃষ্ঠায় মহিলাদের ছুন্নতের ছবি ছাপিয়ে দেওয়া হয়েছে। বইটির প্রকাশক A. Ghosh. Huston, Texas USA. মূল্য ঃ ৯১০ টাকা।

মুসলমানরা বলেন ইসলাম নাকি নারীদের সর্বোচ্চ সম্মান এবং মুক্তি দিয়েছে। ইসলামের নামে নারীদের উপর যে নির্যাতন চলে তার খোঁজ কতজন রাখেন। কথায় কথায় তালাক, চাবুক মারা, মাটিতে গর্ত করে কোমর সমান গর্তে পুরে পাথর ছুড়ে মারার মত অমানবিক কাজ বর্তমান যুগেও চলছে মুসলিম দুনিয়ায়।

আমাদেরও অনেক বর্বর প্রথা ছিল যথা—সতীদাহ প্রথা, গঙ্গায় প্রথম সন্তান বিসর্জন দেওয়া, বৃদ্ধ পিতামাতার স্বর্গ লাভের আশায় ভেলাতে করে গঙ্গায় ভাসিয়ে দেওয়া, ৫/৬ বছরের শিশু কন্যা বিধবা হলে তাকে সারা জীবন বৈধব্য যন্ত্রণা সহ্য করা, বৃদ্ধ পুরুষের সঙ্গে শিশু কন্যাকে বিবাহ দেওয়া ইত্যাদি। কিন্তু আমরা সে সব বর্বরতা বর্জন করেছি। কিন্তু মুসলমানরা ১৪০০ বছরের পুরানো আবর্ত থেকে বেরিয়ে আসার কোন চেষ্টাই করেনি। বিশদ জানতে হলে জাহানারা বেগম লিখিত "আল্লা আমাদের কাঁদতে দাও" এবং গিয়াসুদ্দিন লিখিত প্রসঙ্গ "মুসলমান সমাজে সংস্কার" বইটা পড়ে দেখতে পারেন, মূল্য যথাক্রমে ৫ টাকা, ২০ টাকা। প্রাপ্তিস্থান বিবেকানন্দ সাহিত্য কেন্দ্র; ৬, বঙ্কিম চ্যাটার্জি স্ট্রিট, কলকাতা-৭৩ (কলেজ স্ট্রিট)। এখানে উল্লেখ্য যে বেগম রোকেয়ার মৃত্যুর পর তাঁকে মুসলমানরা তাদের কবরখানায় কবর দিতে দেয়নি; তাঁর অপরাধ তিনি মুসলমান মেয়েদের জন্য কলকাতায় স্কুল খুলেছিলেন। তাঁর নামাজেই জানা যায় উপস্থিত অবিভক্ত বাংলায় প্রধানমন্ত্রী ফজলুল হক সহ বহু বিশিষ্ট মুসলমান যথা ডাক্তার উকিল অধ্যাপক, শিক্ষক প্রভৃতি শত চেষ্টা করেও তাঁকে মুসলমানদের কবরখানায় কবর দেওয়া যায়নি। পরে গোপনে পানিহাটিতে তাঁর এক আত্মীয়ের বাড়িতে তাঁকে কবর দেওয়া হয়। রামমোহন, বিদ্যাসাগর যদি মুসলমান সমাজে জন্মাতেন তবে খুন হয়ে যেতেন।

এবার আমার অনুজপ্রতিম বিশ্ববিখ্যাত ইসলাম গবেষক এবং বহু গ্রন্থের প্রণেতা ৺দেবজ্যোতি রায়ের লেখা "ইসলাম ও বিশ্ব শান্তি" বই থেকে নারী-পুরুষের খৎনা অধ্যায়টি তুলে দেওয়া হলো পৃষ্ঠা ২৬ এবং ২৭।

নারী-পুরুষের খৎনা
(ইসলামের আর একটি স্তম্ভ)

খৎনা বলতে বুঝায় পুরুষের লিঙ্গের সামনের দিকের চামড়ার কিছু অংশ কেটে ফেলা এবং মহিলাদের ভগাঙ্কুরের একটুখানি কেটে ফেলা। ইসলাম ধর্মে এটি একটি আবশ্যিক প্রক্রিয়া। কেউ কেউ বলেন—এই প্রক্রিয়াটি বিজ্ঞানসম্মত। কোনো কোনো দেশে এটি কেবলমাত্র পুরুষদের জন্য করণীয় প্রক্রিয়া। আবার কোথাও কোথাও এটি নারী পুরুষ উভয়ের জন্য আবশ্যিক। এই প্রথা ইসলামপূর্ব আরবের। নবীজী এই প্রথা বহাল রেখেছেন। মহিলাদের খৎনা সম্পর্কে নবীজী বলেছেন, অল্প করে কাটো, বেশি কেটোনা (সহি আবু দাউদ, হাদিস নং-৫২৫১)। আমরা ১৯৬৯ সালে বাংলাদেশের বাগেরহাটে একজন মাওলানার সন্ধান পেয়েছিলাম, যিনি নারী পুরুষ উভয়ের জন্য 'খৎনা' আবশ্যিক বলে মনে করেন।

মুসলিম দুনিয়ার বহু দেশেরই 'নারী-খৎনা' নামের এই বীভৎস, বর্বরোচিত প্রথা দেখা যায়। এই প্রথা যে মনুষ্য সমাজের কলঙ্ক ছাড়া আর কিছু নয়। এই প্রথা পুরুষকে মানুষ থেকে শয়তানে পরিণত করেছে, আর নারীকে পরিণত করেছে পশুর অধম জীবে।

আজ মহিলাদের 'খৎনা' বিশেষভাবে প্রচলিত আছে ঘানা, গিনি, সোমালিয়া, কেনিয়া, তাঞ্জানিয়া, নাইজিরিয়া, মিশর, সুদানসহ উপসাগরীয় বিভিন্ন দেশে। এইসব দেশে নারীদের যৌন কামনাকে অবদমিত করে যৌন-আবেগহীন যৌন-যন্ত্র করে রাখতে পুরুষশাসিত সমাজ বালিকাদের ভগাঙ্কুর কেটে ফেলে। নারীর যৌন আবেগ সৃষ্টির ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা নেয় যোনির প্রবেশ মুখে পাপড়ির মতো বিকশিত ভগাঙ্কুর। নারীদের খৎনা করা হয় ঋতুস্রাব শুরু হওয়ার আগে অর্থাৎ সাধারণভাবে সাত-আট বছর বয়সে। খৎনা যারা করে তাদের বলা হয় 'হাজামী'। দু'জন নারী শক্ত করে টেনে ধরে বালিকার দুই উরু। দুই নারী চেপে ধরে বালিকার দুই হাত। 'হাজামী' ছুরি দিয়ে কেটে ফেলে ভগাঙ্কুর। এই সময় উপস্থিত নারীরা সুর করে গাইতে থাকেন, "আল্লা মহান, মহম্মদ তার নবী; আল্লা আমাদের দূরে রাখুক সমস্ত পাপ থেকে।" পুরুষ শাসিত সমাজ ওইসব অঞ্চলের মস্তিষ্ক স্নায়ুকোষের রন্ধ্রে রন্ধ্রে এই বিশ্বাসের বীজ রোপণ করেছে, কাম নারীদের পাপ, পুরুষদের পুণ্য। খৎনার পর সেলাই করে দেওয়া হয় ঋতুস্রাবের জন্য সামান্য ফাঁক রেখে যোনিমুখ। খোলা থাকে মূত্রমুখ। খৎনার পর চল্লিশ দিন পর্যন্ত বালিকার দুই উরুকে একত্রিত করে বেঁধে রাখা হয়, স্বামীর কামকে তৃপ্ত করার জন্য। আবারও বলি স্বামীর কামকে তৃপ্ত করার জন্যই; কারণ নারীর কাম তো ওরা

পাপ বলে চিহ্নিত করে নারীকে করতে চেয়েছে কাম-গন্ধহীন যৌন-অস্ত্র। সন্তান প্রসবের সময় সেলাই আরও কাটা হয়। প্রসব শেষে আবার সেলাই। তালাক পেলে বা বিধবা হলে আবার নতুন করে সেলাই পড়ে ঋতুস্রাবের সামান্য ফাঁক রেখে। আবার বিয়ে, আবার কেটে ফাঁক করা হয় যোনি। জন্তুর চেয়েও অবহেলা ও লাঞ্ছনা মানুষকে যে বিধান দেয়, সে বিধান কখনও মানুষের বিধান হতে পারে না। এ তো শুধু নারীর অপমান নয়, নারীর অবমাননা নয়, এ মনুষ্যত্বের অবমাননা।

এবার আমার লেখা নিঃশব্দ সন্ত্রাস বই-এর ছুন্নৎ নামক অংশটুকু এখানে তুলে দেওয়া হল। এটা সর্বজনবিদিত যে মুসলমান ছেলেদের ৭/৮ বছর বয়সে খৎনা (ছুন্নত) যৌনাঙ্গের ত্বকচ্ছেদ করা হয়। কোন কোন মুসলিম দেশে অশিক্ষিত গ্রাম্য মহিলা দ্বারা ৭/৮ বছরের মেয়েদেরকেও খৎনা করার প্রথার প্রচলন আছে। ফলে অনেক মেয়েই অতিরিক্ত রক্তক্ষরণের ফলে অথবা সেপটিক হয়ে মারা যায়। এই সম্বন্ধে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের উক্তি "মুসলমান মেয়েদের ভগাঙ্কুর কর্তন ও তিনবার তালাক উচ্চারণে বিবাহ বিচ্ছেদের বিধানকে আমি বর্বরোচিত মনে করি।"

শুধু ইজরায়েলি আগ্রাসন নয়, ইসলামি সন্ত্রাসবাদ গভীরভাবে মোকাবিলার সময় এসে গেছে

সমীরণ মজুমদার

গত ৭.৯.২০১৪ তারিখের দৈনিক স্টেটসম্যান পত্রিকায় উপরোক্ত শিরোনামে একটা বিশাল প্রবন্ধ ছাপা হয়েছে। সময়োপযোগী এই প্রকার অগ্নিগর্ভ প্রবন্ধ লেখার জন্য লেখক এবং ছাপাবার জন্য দৈনিক স্টেটসম্যানকে আন্তরিক শ্রদ্ধা জানাই।

এবার ঐ প্রবন্ধের কিছু অংশ জনসাধারণের অবগতির জন্য নিবেদন করছি—

ইজরায়েল-হামাস সংঘর্ষে প্রতিদিন যত মানুষ নিহত হচ্ছে, তার থেকে অনেক বেশি মানুষ প্রতিদিন নিহত ও আহত হচ্ছে ইসলামি সন্ত্রাসবাদী হামলায়। তাতে এখন প্রধানত নিহত হচ্ছে ইসলাম ধর্মের মানুষ—সিয়া ও সুন্নি। কিন্তু তার বিরুদ্ধে সোচ্চারভাবে লাগাতার প্রতিবাদে এগিয়ে আসতে দেখা যায় না কোনও দলকে। কোন মানবতাবাদী সংঘকে, নানা মুসলমান সংস্থাকেও ইমামের খুদবাতেও প্রতিবাদ করতে শোনা যায় না। তবে কি ইজরাইলের হাতে মৃত্যু অমানবিক? আর ইসলামি সন্ত্রাসবাদীর হাতে মৃত্যু নয়? ইজরায়েল-হামাস সংঘর্ষ সাময়িক, ইসলামি সন্ত্রাসবাদী কার্যকলাপ দীর্ঘস্থায়ী, ইজরায়েল হামাস সংঘর্ষ রাজনৈতিক, তা উভয়ের সমঝোতায় থেমে যাবে। কিন্তু ইসলামি সন্ত্রাসবাদ হিংসা, ধর্মান্ধতা প্ররোচিত, তা

মানবিক বিশ্বের উদ্যোগেও থামবে না। সমাজের পক্ষে উত্তরোত্তর বিপদের কারণ হয়ে উঠেছে, এতদিন ভারতে নানা প্রকার সন্ত্রাসবাদী হামলার চেষ্টা চলে আসছে, এখন জেহাদী হবার সরাসরি আহ্বান রাখা হচ্ছে ভারতের মুসলমানদের কাছে, টুইটার, ফেসবুকে সাড়া দেওয়ার প্রবণতাও দেখা দিয়েছে। সম্প্রতি আফ্রিকার নাইজেরিয়াতে বোকো হারাম দল যেভাবে বিদ্যালয়ের ছাত্রীদের অপহরণ করে ধর্মান্তরিত করা, বিয়ে করা, বিক্রি করার মতো অমানবিক কাজ করেছে তা দেখে মানব সভ্যতা স্তম্ভিত হয়ে গিয়েছে। তারা পরে আবারও যেন কয়েকজন মহিলাকে অপহরণ করেছে। তাদের ভাগ্য অনুমেয়। এই সংস্থার নেতা আবুবকর শেকাও ভিডিও রেকর্ডিং করে জানিয়েছে, আমি আল্লার হুকুমে এই কাজ করেছি। পাকিস্তানে কয়েক বছর আগে মেয়েদের পড়াশোনার কথা বলার জন্য তালিবানরা মালালার মাথা লক্ষ্য করে গুলি করেছিল, এই তালিবানরাও আল্লার রাজত্ব স্থাপনের জন্যই উদ্যোগী। এরা ফতোয়া জারি করে কাফেরনিধন ও ধর্মান্তর ঘোষণা করেছে। মুসলমান প্রধান দেশে জিজিয়া কর প্রবর্তনের আহ্বান জানিয়েছে, এইভাবে ইসলামি ধর্মীয় সন্ত্রাসবাদ মানব সভ্যতার চাকাকে পিছিয়ে দেবার পথ রচনা করেছে। এই জিহাদি কাজে যোগ দিতে ভারত থেকে কয়েকজন মুসলমান যুবককে যেতে দেখা গিয়েছে, শ্বাসরুদ্ধ করে একজন নারীকে হত্যা করার সময় আল্লা হু আকবর বলে ধ্বনি দেওয়ার দৃশ্য প্রচার করেছে। তারা ঘোষণা করেছে সিয়া ও খ্রিস্টান নারীদের ধর্ষণ করা বৈধ। পাদ্রীদের ক্রুশে বিদ্ধ করে হত্যা করা যাবে। নারীদের জোর করে বিবাহ করে তালাক দিয়ে অন্য আর একজনকে নিকাহ করছে, একইভাবে তালাক দেওয়ার জন্য। এইরকম বিকৃত ভোগ ব্যবস্থার নাম দিয়েছে জিহাদুন-নিকাহ বা যৌন জিহাদ....কার্যত মধ্যপ্রাচ্যকে এই ইসলামি সন্ত্রাসবাদীরা খ্রিস্টান মুক্ত করার জন্য তাদের ধরে ধরে হত্যা করতে শুরু করেছে। ভয়ে অনেক খ্রিস্টান ইতিমধ্যেই ইসলাম ধর্ম গ্রহণ করেছে। সামগ্রিকভাবে ইসলামি সন্ত্রাসবাদ বিশ্বের কাছে বিপদের কারণ হয়ে উঠেছে। তাদের জন্য দেশে দেশে বিরাট অঙ্কের অর্থ ব্যয় হচ্ছে নিরাপত্তার ব্যবস্থা নিতে। কিছু কিছু মুসলমান অবশ্য আইএসআইএসকে ওয়াহাবি তকফিরি সন্ত্রাসী বলে মুসলমানদের প্রধান ধারা থেকে বাইরে বলে চিহ্নিত করেছে। কারণ স্বঘোষিত খলিফা আবুবকর আল বাগদাদি গোঁড়ামিতে এতদূর অগ্রসর হয়েছেন যে, কাবা শরিফ উড়িয়ে দেওয়ার কথা পর্যন্ত বলছেন। সেখানে স্থাপিত পাথরকে হজ যাত্রীরা চুমু খায় বলে এতে পাথর পূজার পাপ হচ্ছে বলে মনে করা হয়। এই ঘোষণার জন্য সুন্নি সম্প্রদায়ের অনেকে আইএসআইএসকে সুন্নি মুসলমান বলে মানতে চায় না, সিয়া ইরান তাদের খারিজি সম্প্রদায় বলে উল্লেখ করেছে।

আসলে ইসলাম জন্মলগ্ন থেকেই গোষ্ঠীদ্বন্দ্বে রক্তাক্ত সংঘর্ষে লিপ্ত। তার ফলে ইসলামে অর্ধশতাধিক উপদল। আর ধর্ম সংহিতায় জিহাদ নামক হিংসা 'কর্তব্য' বলে বিবেচিত হওয়ায় সংঘর্ষ প্রতিস্থাপন করছে শান্তিকে। সমস্ত অমানুষিক আচরণই জিহাদ আর আল্লার নির্দেশ বলে মান্য হয়েছে। ....সেই ধারা যে আইএসআইএস-এর মতো সংস্থার জন্ম দিতে পারে যারা কাবাকেও আক্রমণের লক্ষ্যে পরিণত করতে পারে তা ভাবতেও পারেননি। মুসলমানপ্রধান দেশে অমুসলমানদের বসবাস অসম্ভব করে তোলে, ইসলাম এখনও বোরখা আর তালাকের মতো বিচিত্র প্রথা ইসলামের পরিচয়বোধক ধারা বলে পালন করে চলেছে। নারীর কর্মজীবন অধ্যয়নের অধিকার সঙ্কীর্ণ করে রেখেছে। মাদ্রাসা শিক্ষা বহু দেশে মুসলমান মনকে মুক্ত চিন্তার জগৎ থেকে নির্বাসিত করে রেখেছে। ধর্ম, ধর্মগ্রন্থ, নবীর যে কোন সমালোচনাকে ব্লাসফেমি বলে হত্যার বিধান দিচ্ছে। ...ইসলামে ক্রমাগত সন্ত্রাসবাদী দলের আবির্ভাব রুখতে না পারলে একদিকে প্রাথমিকভাবে বিপন্ন হবে ইসলাম। আর বৃহত্তরভাবে বিপন্ন হবে বিশ্ব; কাজেই এই সভ্যতা বিরোধী সন্ত্রাসবাদ নির্মূল করা পৃথিবীর এক যৌথ দায়িত্ব। বিচিত্র গঠন ও বিশেষ ভৌগোলিক অবস্থানের কারণে ভারত এই পরিস্থিতিতে এক শঙ্কুর উপর অবস্থান করছে, পাক-ভারত-বাংলাদেশের দেড়শ কোটি মানুষের যৌথ সঙ্ঘবদ্ধ সাহসী উদ্যোগ বিশ্বের এই ভয়ঙ্কর বিপদের অবসানে বিরাট ভূমিকা নিতে পারে।

ইসলামের সংস্কারের প্রয়োজন নেই

মঃ নুরুল ইসলাম খান

ফুরফুরা দরবার শরিফ, হুগলি

সমীরণ মজুমদারের প্রবন্ধটি প্রকাশিত হওয়ার পর গত ১৬.৯.২০১৪ তারিখের দৈনিক স্টেটসম্যানে মঃ নুরুল ইসলাম খান-এর এক প্রতিবাদ পত্র ছাপা হয়েছে। তাতে তিনি লিখেছেন "আশরাফুল রিজকিল্লাহ ফালাতাশাও ফিল আরদে খুরসেদি।" পবিত্র কোরান শরিফের সুরা বাকারায় ৭নং আয়াতের অর্থ হল, "আল্লাহর নিরামত থেকে পানাহার কর, পৃথিবীতে সন্ত্রাস ছড়িয়ো না, সত্যি কথা বলতে কি সন্ত্রাসবাদ নামক ভয়ঙ্কর প্রক্রিয়া পৃথিবীতে জাঁকিয়ে বসেছে। ইসলাম যে সন্ত্রাসকে পছন্দ করে না সে প্রমাণ আগেই পাওয়া গেল। তবুও ইসলামকে সন্ত্রাসবাদের কাঠগড়ায় তোলা হয়েছে। জঙ্গী, উগ্রবাদী ও সন্ত্রাসবাদী বিশেষণগুলো মুসলমানদের উপর কিছুটা চেপে বসেছে।" এরপর পুরো পত্রটি পড়লে মনে হয় ইসলাম একটা নিরীহ অহিংসায় বিশ্বাসী শান্তির ধর্ম। নরেন্দ্র মোদীর আদ্যশ্রাদ্ধ থেকে আরম্ভ করে সমগ্র বিশ্বে অন্য ধর্মাবলম্বীদের উপর নিরীহ মুসলমানদের

ওপর আগ্রাসনের দায় চাপিয়ে দিয়েছেন। তবে, কোরান শরীফে কিছু কিছু ভাল কথা লেখা আছে যাকে মাক্কি আয়াত বলে। মুসলমানরা বিধর্মীদের ধোঁকা দেওয়ার জন্য এগুলো বিশেষভাবে প্রচার করে। কোনো দেশে বা অঞ্চলে মুসলমানরা যতদিন সংখ্যালঘু থাকে ততদিন তারা শুধু মাক্কি আয়াতগুলো বলে সংখ্যাগুরুদের প্রতারিত করতে থাকে। যেই মুহূর্তে মুসলমানরা সংখ্যাগুরু হয়ে যায় সেই মুহূর্তেই মাক্কি আয়াতগুলি ফেলে দিয়ে জিহাদের মাদানি আয়াতগুলোর প্রচার করতে থাকে।

এবার মাদানি আয়াতগুলির কয়েকটি ঘটনার উল্লেখ করছি।

বিস্‌মিল্লাহির রাহ মাণির রাহীম

সুদীর্ঘ ২৩ বৎসর ধরে আল্লাহর বাণী পৃথিবীতে তার শেষ নবী (প্রতিনিধি) মহম্মদের নিকট অবতীর্ণ হয়েছে। এই দিব্য বাণীর সঙ্কলিত রূপই হল পবিত্র কোরান। ইসলাম, আল্লাহ প্রবর্তিত একমাত্র সত্য ধর্ম। যারা আল্লাহ ও মহম্মদের প্রতি পূর্ণ আনুগত্য ও বিশ্বাস স্থাপন করে তারা হল মুসলমান। অন্য সকলে হল অবিশ্বাসী, অংশীবাদী, সত্য প্রত্যাখ্যানকারী ও কাফের। মুসলমানদের প্রতি আল্লাহ্ পরম কারুণিক কিন্তু অ-মুসলমানদের প্রতি তিনি নির্মম, কঠোর ও ভয়ঙ্কর।

সুরা (অধ্যায়) আয়াত (একটি পূর্ণ বাক্যে) কোরানের বাণী পড়ুন—

১. নিশ্চয়ই ইসলাম আল্লাহর একমাত্র ধর্ম। সুরা ৩...আয়াত ১৯।

২. নিষিদ্ধ মাস অতিবাহিত হলে অবিশ্বাসীদের জন্য প্রত্যেক ঘাঁটিতে ওঁৎ পেতে থাকবে। যেখানে পাবে তাদের অবরোধ করবে। বধ করবে। বন্দী করবে। ৯...৫।

৩. (এই মূর্তিপূজক) কাফেরদের বিরুদ্ধে অবিরাম যুদ্ধ চালিয়ে যেতে হবে—যতদিন না কাফের ধ্বংস করে সারা পৃথিবীতে খোদাহী ধর্ম ইসলাম প্রতিষ্ঠিত হয়। ২....১৯৩।

৪. আল্লাহ্ ও তার রসুলে (মহম্মদ) যারা অবিশ্বাস করে, আমি তাদের হৃদয়ে ভীতির সঞ্চার করব। এদের স্কন্ধে ও সর্বাঙ্গে আঘাত কর। এদের জন্য রয়েছে নরক যন্ত্রণা। ৮....১২....১৫।

৫. অবিশ্বাসীদের জন্য প্রস্তুত করা হয়েছে আগুনের পোশাক, তাদের মাথার উপর ঢেলে দেওয়া হবে ফুটন্ত পানি—যাতে ওদের গায়ের চামড়া এবং উদরে যা আছে তা গলে যাবে। ওদের জন্য সেখানে থাকবে লৌহ মুদ্গর। যখনই ওরা যন্ত্রণাকাতর হয়ে জাহান্নাম হতে বেরুতে চাইবে তখনই তাদের ফিরিয়ে দেওয়া হবে, ওদের—বলা হবে 'আস্বাদ কর দহন যন্ত্রণা'। ২২...১৯-২২।

৬. আল্লাহ্ সত্যধর্মসহ মহম্মদকে প্রেরণ করেছেন অন্য সকল ধর্মের উপর এসে

জয়যুক্ত করার জন্য। মহম্মদ সহচরগণ সত্য প্রত্যাখ্যানকারীদের প্রতি কঠোর। ৪৮....২৮-২৯।

৭. তোমরা এবং আল্লাহর পরিবর্তে যাদের উপাসনা কর সেগুলি তো জাহান্নামের ইন্ধন, তোমরাই ওতে প্রবেশ করবে এবং সেখানে চিরকাল থাকবে। ২১-২৯, ৯৮-৯৯।

৮. যারা আমার (কোরানের) আয়াত অবিশ্বাস করে তাদের আগুনে দগ্ধ করবই। যখনই তাদের চর্ম দগ্ধ হবে তখনই ওর স্থলে নতুন চর্ম সৃষ্টি করব—যাতে তারা শাস্তি ভোগ করে। ৪....৫১।

৯. হে বিশ্বাসীন। তোমরা তাদের বিরুদ্ধে যুদ্ধ করবে। তোমাদের হাতে আল্লাহ্ ওদের শাস্তি দেবেন, তোমাদের ওদের বিরুদ্ধে বিজয়ী করবেন। ৯-১৪।

১০. হে নবী। সত্য প্রত্যাখ্যানকারী ও কপটচারীদের বিরুদ্ধে সংগ্রাম কর এবং ওদের প্রতি কঠোর হও। জাহান্নাম ওদের আশ্রয়স্থল। ৬৬-৯।

১১. অভিযানে বের হয়ে পড় লঘু রণসম্ভারে হোক অথবা গুরু রণসম্ভারে হোক এবং তোমাদের সম্পদ ও জীবন দ্বারা আল্লাহ্র পথে সংগ্রাম কর। বস্তুত যে আল্লাহর পথে সংগ্রাম করে সে নিহত হোক অথবা বিজয়ী হোক তাকে আমি শীঘ্রই মহাপুরস্কার দান করব। তার স্থান হবে জান্নাতে (স্বর্গে)। তাদের পরিবেশন করা হবে অফুরন্ত ভোগের সামগ্রী ও সুরা। অনন্ত যৌবনা, লজ্জা-নম্র, আয়ত লোচনা, সুরক্ষিত ডিম্বের মত উজ্জ্বল গৌরবর্ণ সুন্দরী তন্বীগণ হবে তাদের সঙ্গিনী। ৪-৭৪, ৯-৪১, ৪৭-৪, ৩৭...৪০-৫০।

১২. অবিশ্বাসীদের জন্য রয়েছে জাহান্নামে ভয়ঙ্কর শাস্তির ব্যবস্থা। ওদের গায়ে ঢেলে দেওয়া হবে ফুটন্ত পানি—খেতে দেওয়া হবে পুঁজ-রক্ত। ৩৮..... ৫৫-৫৭।

১৩. যারা অবিশ্বাস করে, তাদের ধনৈশ্বর্য ও সন্তান সন্ততিগণ সকলেই হবে নরকের ইন্ধন। ৩...১০

১৪. হে বিশ্বাসীগণ। তোমাদের পিতা ও ভাই যদি বিশ্বাস অপেক্ষা অবিশ্বাসকে (অন্য ধর্মকে) শ্রেয় জ্ঞান করে তবে ওদের অভিভাবকরূপে গ্রহণ করো না। ৯...২৩।

১৫. হে নবী। বিশ্বাসীদের সংগ্রামের জন্য উদ্বুদ্ধ 'কর' তোমাদের মধ্যে ১০০ জন ধৈর্যশীল থাকলে ১০০০ জন অবিশ্বাসীর উপর বিজয়ী হবে। ৮....৬৫

১৬. আল্লাহ্ তোমাদের প্রতিশ্রুতি দিয়েছেন, তোমরা হবে যুদ্ধে অর্জিত বিপুল সম্পদের অধিকারী। ৪৮....২০

১৭. যুদ্ধে তোমরা যা লাভ করেছ তা বৈধ ও উত্তম বলে ভোগ কর ও আল্লাহকে ভয় কর। ৮....৬৯

সাচার কমিটি নয়, প্রয়োজন অভিন্ন দেওয়ানি বিধি

রন্তিদেব সেনগুপ্ত

লেখাটি শুরু করা যাক রামকুমার ওহরির পরিচয় দিয়ে। রামকুমার ওহরি একজন প্রাক্তন আইপিএস। কর্মজীবনে তিনি বেশ কিছু গুরুত্বপূর্ণ পদ অলঙ্কৃত করেছেন। অরুণাচল প্রদেশে ইন্সপেক্টর জেনারেল অফ পুলিসের দায়িত্ব সামলেছেন তিনি। সিআরপিএফের ইন্টারন্যাল সিকিউরিটি আকাডেমি এবং ব্যুরো অফ পুলিশ রিসার্চ অ্যাণ্ড ডেভেলপমেন্টের সঙ্গেও তিনি যুক্ত ছিলেন। শ্রীওহরি সম্প্রতি একটি গুরুত্বপূর্ণ কথা বলেছেন। বলেছেন, ভারতের মতো একটি দেশে একটি বিশেষ সম্প্রদায়ের আর্থ-সামাজিক অবস্থা খতিয়ে দেখার জন্য সাচার কমিটির মতো একটি কমিটি গঠন অযৌক্তিক। শ্রীওহরির এই বক্তব্য এদেশের তথাকথিত সেকুলারপন্থীদের যথেষ্ট ক্ষুব্ধ করবে। এহেন বক্তব্যের জন্য ওহরিকে তাঁরা 'হিন্দু সাম্প্রদায়িক' এমন তকমা দিতে পারেন। হয়তো দিচ্ছেনও। কিন্তু ওহরি তাঁর বক্তব্যের পক্ষে যেসব যুক্তি-তর্কের অবতারণা করেছেন—সেগুলি খতিয়ে দেখলে বোঝা যাবে, খুব একটা ভুল ওহরি বলছেন না। পক্ষপাতমূলক দৃষ্টিভঙ্গি দূরে সরিয়ে রেখে এখন হয়তো সত্যিই ভাবার সময় এসেছে, সাচার কমিটি গঠন কতটা যুক্তিযুক্ত ছিল। আগেও একাধিকবার লিখেছি এবং এখনও লেখার শুরুতেই আরও একবার বলে নেওয়া দরকার, এদেশের মুসলমান সম্প্রদায়কে এখন আর নিতান্ত হীনবল সংখ্যালঘু ভাবা ভুল হবে। বরং রাজনৈতিক এবং ধর্মীয় প্রভাবের দিক দিয়ে আজ তারা যথেষ্ট শক্তিশালী। এদেশের সংসদীয় রাজনীতির অনেক গতিপ্রকৃতিও তারা এখন নিয়ন্ত্রণ করতে পারে। সেদিক দিয়ে দেখলে তাদের 'দ্বিতীয় সংখ্যাগুরু' বলা বাঞ্ছনীয়। এদেশের সংখ্যালঘু সম্প্রদায়ের ভিতর খ্রিস্টান, বৌদ্ধ, জৈন প্রমুখও পড়ে। তাঁদের আর্থ-সামাজিক- সাংস্কৃতিক অবস্থা খতিয়ে দেখতে কোনও কমিটি গঠনের কথা কেউ কখনও ভাবেননি। না ভাবার কারণ এই হয়তো যে, দ্বিতীয় সংখ্যাগুরু মুসলমানরা এদেশের ভোটের রাজনীতিতে যতটা প্রভাব বিস্তার করতে পারে, খ্রিস্টান, বৌদ্ধ, জৈনরা তা পারে না। কাজেই মুখে যাই বলা হোক না কেন, সাচার কমিটি গঠনের পিছনে গোপন উদ্দেশ্য যে ছিল দ্বিতীয় সংখ্যাগুরুদের তোষণ করা—এরকম একটি সন্দেহ কিন্তু থেকেই যায়।

সাচার কমিটির বিচার্য মূল বিষয়টি ছিল—এদেশের মুসলমান সমাজ আর্থ-সামাজিক দিক দিয়ে কতটা বঞ্চিত এবং অবহেলিত। এটি করতে গেলে স্বাভাবিকভাবেই এদেশের সংখ্যাগরিষ্ঠ হিন্দু সমাজের সঙ্গে এই দ্বিতীয় সংখ্যাগুরু

সমাজটির একটি তুলনামূলক বিচার করতে হয়। সে বিচার করলে কিন্তু দ্বিতীয় সংখ্যাগুরু সম্প্রদায়কে একেবারেই বঞ্চিত বা অবহেলিত বলা যাবে না। রামকুমার ওহরি তথ্য দিয়ে দেখিয়েছেন, যেসব মাপকাঠিতে একটি সম্প্রদায়কে আর্থিকভাবে পিছিয়ে পড়া বলা হয়, সেইসব মাপকাঠিতে বিচার করলে দেখা যাবে, এই দ্বিতীয় সংখ্যাগুরু সম্প্রদায় বেশ কিছু ক্ষেত্রেই হিন্দু সম্প্রদায়ের থেকে উন্নত অবস্থাতেই রয়েছে। যেমন—শিশুমৃত্যু। আন্তর্জাতিক স্তরে স্বীকৃত তত্ত্ব অনুযায়ীই শিশু মৃত্যুর হার বেশি হওয়ার মূল কারণ অপুষ্টি এবং দারিদ্র্য। যে সমাজে দারিদ্র্য যত বেশি, সে সমাজে শিশুমৃত্যুর হারও তত বেশি। ১৯৯১ সালের জনগণনা রিপোর্ট অনুযায়ী প্রতি এক হাজার হিন্দুদের ভিতর একবছর বয়সের কম শিশুমৃত্যুর সংখ্যা ৭৪। অপরদিকে মুসলমানদের ভিতর সে হার ৬৮। ওই একই সময়ে শিশুমৃত্যুর (এক বছর বয়সের ঊর্ধ্বে) সংখ্যা হিন্দুদের ভিতর ৯৭, মুসলমানদের ভিতর ৯১। ন্যাশনাল ফ্যামিলি হেলথ সমীক্ষা (১৯৯২-৯৩) অনুযায়ী প্রতি এক হাজারে এক বছরের কম বয়সী শিশুমৃত্যুর সংখ্যা হিন্দুদের মধ্যে ৯০ এবং মুসলমানদের ভিতর ৭৭। অপরদিকে এই সময়ে এক বছরের ঊর্ধ্বে শিশুমৃত্যুর সংখ্যা হিন্দুদের ভিতর ১২৪, মুসলমানদের ভিতর ১০৬। ১৯৯৮-৯৯'এ এদের সমীক্ষায় দেখা যাচ্ছে এক বছরের কম শিশুমৃত্যুর সংখ্যা হিন্দুদের ভিতর ৭৭, মুসলমানদের ভিতর ৫৯। এক বছরের বেশি বয়সী শিশুমৃত্যুর সংখ্যা হিন্দুদের ভিতর ১০৭, মুসলমানদের ভিতর ৮৩। তাহলে, আন্তর্জাতিক তত্ত্ব অনুযায়ীই এটি প্রতিষ্ঠিত হচ্ছে, হিন্দুসমাজে দারিদ্র্য বেশি। সে কারণেই অপুষ্টিজনিত কারণে শিশুমৃত্যুর হারও বেশি। কাজে কাজেই, কথায় কথায় মুসলমান সমাজের দারিদ্র্যের যে চিত্রটি সেকুলারপন্থীরা সবসময় তুলে ধরতে চেষ্টা করেন, তা হয়তো ঠিক নয়। হয়তো তা কিছুটা অতিরঞ্জিতই।

রামকুমার ওহরি তথ্যসহ আরও দাবি করেছেন যে—শিশুমৃত্যুর হারে এই ফারাক ১৯৯১-১৯৯৯'র ভিতর আরও বেড়ে গিয়েছে। তার কারণ এই সময়ের ভিতর কৃষিক্ষেত্রে উৎপাদন ব্যাপকভাবে মার খেয়েছে এবং তার জন্য ক্ষতিগ্রস্ত হয়েছে মূলত হিন্দু সমাজের কৃষিজীবী অংশ। ১৫ হাজার কৃষক আত্মহত্যা করেছেন—যার গরিষ্ঠাংশই হিন্দু।

আন্তর্জাতিক স্তরে সমাজের আর্থিক উন্নয়ন আর একটি সূচকে মাপা হয়। তা হল, সেই সমাজের কত শতাংশ মানুষ গ্রামে বাস করেন আর কত শতাংশ মানুষ শহরে বাস করেন। যে সমাজের গরিষ্ঠাংশ মানুষ গ্রামাঞ্চলে বাস করেন, সেই সমাজ অর্থনৈতিকভাবে পিছিয়ে রয়েছে—আন্তর্জাতিক মাপকাঠিতে তেমনই ধরা হয়। ২০০১-এর জনগণনা রিপোর্টে দেখা যাচ্ছে, হিন্দু জনগোষ্ঠীর ৭৪ শতাংশ গ্রামে বাস করেন। আর মুসলমান সমাজের ৬৪ শতাংশ বাস করেন গ্রামে। এই

মাপকাঠিতে দেখলেও বলতে হয়—আর্থিকভাবে মুসলিম সমাজ হিন্দুদের থেকে পিছিয়ে রয়েছে—এমন ধারণা বোধহয় ধোপে টেকে না। একটি সমাজের আর্থ-সামাজিক উন্নতির আর একটি মাপকাঠি হল, সেই সমাজের মানুষের গড় আয়ু কত। গড় আয়ু বেশি হলে ধরে নিতে হয় সেই সমাজের মানুষের আর্থিক অবস্থা তুলনামূলকভাবে ভালো। পি এন মারি ভাট এবং এ. জে. ফ্রান্সিস জেভিয়ার ইকনমিক অ্যাণ্ড পলিটিক্যাল উইকলিতে (জানুয়ারি ২৯, ২০০৫) তাঁদের কথা একটি সমীক্ষায় দেখিয়েছেন—হিন্দুদের গড় আয়ু ৬১.৪। অপরদিকে মুসলিমদের গড় আয়ু ৬২.৬। ন্যাশনাল স্যাম্পল সার্ভের একটি সাম্প্রতিক তথ্য অনুযায়ী, দেশের দরিদ্রতম অংশ, যাদের দৈনিক আয় ৯ টাকা, তাদের শতকরা হার ১০। এরা মূলত গ্রামাঞ্চলেই বাস করে। এই দরিদ্রতম অংশের ৭৪ শতাংশই হল হিন্দু। মুসলমান নয়। মুসলমানরাই দরিদ্রতম, এ দাবিও বোধহয় এরপর করা সঙ্গত নয়।

তথাকথিত সেকুলারপন্থীদের আর একটি বক্তব্যও, সরকারি তথ্য অনুযায়ী সমর্থন লাভ করে না। মুসলমান সমাজে সাক্ষরের হার এখনও যথেষ্ট কম—এ যুক্তিটিও ২০০১-এর জনগণনা রিপোর্টে দেওয়া তথ্য বিচার করলে মেনে নেওয়া যায় না। বরং বলা যায়, সাক্ষরের হারের বিচারে হিন্দু সমাজের থেকে মুসলমান সমাজ এখন সামান্যই পিছিয়ে। ২০০১-এর জনগণনা রিপোর্ট অনুযায়ী হিন্দু সমাজে সাক্ষরের হার ৬৫.১ শতাংশ। অপরদিকে মুসলিম সমাজে তা ৫৯.১ শতাংশ। জনগণনা রিপোর্টেই দেখা যাচ্ছে, কেন্দ্রশাসিত অঞ্চলগুলিসহ অন্ধ্রপ্রদেশ, তামিলনাড়ু, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র, গুজরাট, পুদুচেরি, দমন-দিউ, দাদরা ও নগর হাভেলিতে হিন্দু মেয়েদের তুলনায় মুসলিম মেয়েদের ভিতর সাক্ষরতার হার বেশি। কাজেই, তথাকথিত সেকুলারপন্থীরা যে দাবি করেন, এদেশে দ্বিতীয় সংখ্যাগুরুরা অনেক ক্ষেত্রেই শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত—তাও বোধহয় সঠিক নয়।

এই মাপকাঠিতে বিচার করলে, এ প্রশ্ন ওঠা স্বাভাবিক যে, তাহলে সাচার কমিটি গঠন কেন? কোন উদ্দেশ্য নিয়ে আসলে সাচার কমিটি গঠন করা হয়েছিল? আর সরকারেরই দেওয়া বিভিন্ন তথ্য থেকে যখন প্রমাণিত হচ্ছে, এদেশে দ্বিতীয় সংখ্যাগুরু সম্প্রদায়কে যতটা বঞ্চিত এবং অবহেলিত বলা হচ্ছে—আদৌ ততটা তারা নয়, তখন তাদের জন্য সাচার কমিটি গঠন করে, আরও নানাবিধ দান, খয়রাতি, তোষণের বন্দোবস্ত করা কেন?

সত্য হচ্ছে, সাচার কমিটি যা বলেনি, এদেশের সেকুলারপন্থীরাও যা বলেন না—তা হল, এই দ্বিতীয় সংখ্যাগুরু সম্প্রদায়ের গরিষ্ঠাংশ এদেশের মূল স্রোতে মিশতে আগ্রহী নয়, কট্টর মৌলবাদী অনুশাসন থেকে নিজেদের মুক্ত করে,

সঙ্কীর্ণতা দূর করে দৃষ্টি প্রসারিত করতেও আগ্রহী নয়। এবং মুসলমান সমাজের এই সমস্যাটি শুধুমাত্র ভারতে সীমাবদ্ধ নয়। সারা বিশ্বেই মুসলমান সমাজ সঙ্কীর্ণ ঘেরাটোপের ভিতর নিজেকে আটকে রাখতে ব্যস্ত। পাকিস্তানের সমাজতাত্ত্বিক ডঃ ফারুক সালিম বলেছেন, মুসলমান সমাজের এই অবস্থার জন্য মূলত দায়ী তাদের কট্টর ধর্মীয় অনুশাসন এবং মহিলাদের অন্তরালবর্তিনী করে রাখার মধ্যযুগীয় প্রয়াস। ডঃ ফারুক সালিমের অভিমত, এই কট্টর অনুশাসন থেকে বেরতে না পারলে মুসলমান সমাজের সার্বিক উন্নতি সম্ভব নয়। এ প্রসঙ্গে আরও কিছু তথ্য দেওয়া যায়। এদেশে মুসলমান মহিলাদের এখনও কতখানি অন্তরালবর্তিনী করে রাখা হয়েছে, তার প্রমাণ পাওয়া যায় জনগণনা রিপোর্টে দাখিল করা তথ্যেও। ২০০১-এর জনগণনা রিপোর্ট অনুযায়ী ২৭.৫ শতাংশ হিন্দু মহিলা যখন জীবিকার জন্য বাইরে বের হন, তখন মুসলমান মহিলাদের ভিতর এই সংখ্যা ১৪ শতাংশ।

সাচার কমিটি এবং এদেশের তথাকথিত সেকুলারপন্থীরা একটি সত্যকে স্বীকার করতে চান না যে, হিন্দু সমাজ এই দ্বিতীয় সংখ্যাগুরুদের থেকে এগিয়ে তাদের মানসিক উদারতা এবং প্রগতিশীল চিন্তাভাবনায়। এই ঔদার্য ততদিন দ্বিতীয় সংখ্যাগুরুদের ভিতর দেখা যাবে না, যতদিন না অযৌক্তিক তোষণ এবং দান খয়রাত বন্ধ করা হয়। যতদিন না কট্টর মৌলবাদের হাত থেকে তাদের মুক্তির ব্যবস্থা করা হয়, ততদিন দ্বিতীয় সংখ্যাগুরুদের ভিতর মানসিক উদারতা পরিলক্ষিত হবে না। কিন্তু সে পদক্ষেপ সাচার কমিটি কি করেছে? সমস্যা হচ্ছে, সাচার কমিটি এই দান-খয়রাত বন্ধের কথা একটি বারের জন্যও বলেনি। বলেনি কট্টর অনুশাসন এবং সঙ্কীর্ণতার ঘেরাটোপ থেকে দ্বিতীয় সংখ্যাগুরুদের বেরিয়ে আসতে হবে। আসলে মুসলিম মৌলবাদীদের চটাতে সাহস করেনি সাচার কমিটিও। বরং, তা না করে, সাচার কমিটি দ্বিতীয় সংখ্যাগুরু সম্প্রদায়কে ভারতীয় সংস্কৃতি এবং দর্শন থেকে দূরে সরিয়ে রাখতেই ইন্ধন যুগিয়েছে।

সাচার কমিটি তার প্রতিবেদনে বলেছে—'...the importance given to Sanskrit in the education framework in Delhi and many north Indian states has tended to sideline minority languages. Students have to opt for the Sanskrit as there is no provision to teach urdu (or say other regional languages) in many schools. This, in effect, makes Sanskrit a compulsory subject.' সাচার কমিটির এই বক্তব্যে অবাক হতেই হয়। সাচার কমিটির বক্তব্যটি পড়লে মনে হয়, সংস্কৃতকে তারা শুধু হিন্দুদের ভাষা বলে ঠাউরেছে। এই কথা লেখার সময় কমিটির সদস্যদের একবারও মনে হয়নি, সংস্কৃত পৃথিবীর প্রাচীনতম একটি ভাষা। এই ভাষাটির সঙ্গে

ভারতীয় দর্শন এবং সংস্কৃতির সম্পর্ক অঙ্গাঙ্গী। সংস্কৃত সম্পর্কে সাচার কমিটির এই দৃষ্টিভঙ্গিই বুঝিয়ে দিচ্ছে, এই কমিটির প্রকৃত উদ্দেশ্যটি আসলে কী?

কাজেই, খতিয়ে দেখলে, সাচার কমিটি গঠনের যৌক্তিকতা নিয়ে সত্যই সন্দেহ জাগে। এবং এই সিদ্ধান্তেই উপনীত হতে হয় যে, দ্বিতীয় সংখ্যাগুরু সম্প্রদায়ের আর্থ-সামাজিক অবস্থা পর্যবেক্ষণ করার নাম করে সাচার কমিটি আসলে দান-খয়রাতি-তোষণের রাজনীতিকেই আরও প্রশ্রয় দিয়েছে। আড়াল করেছে সত্যকে। অথচ, ভারতের সংহতির জন্য যা প্রয়োজন ছিল তা কিন্তু সাচার কমিটি নয়। প্রয়োজন ছিল অভিন্ন দেওয়ানি বিধি প্রণয়নের। দুঃখের কথা হল, সেই প্রয়োজনীয় কাজটিই এতদিনে হল না।

মন্তব্য ঃ "সাচার কমিটি নয়, প্রয়োজন অভিন্ন দেওয়ানী বিধি"। গত ৫.৮.২০১৪ তারিখের বর্তমান পত্রিকায় রন্তিদেব সেনগুপ্তের লেখা সাচার কমিটি নয়, প্রয়োজন অভিন্ন দেওয়ানী বিধি প্রবন্ধের পরিপ্রেক্ষিতে এই প্রবন্ধের অবতারণা। আজকাল ভারতের সাংবাদিকদের মধ্যে একটা প্রবণতা দেখা যাচ্ছে, কে কত বড় সেকুলার তার একটা প্রতিযোগিতা চলছে, তার মধ্যে রন্তিদেব সেনগুপ্তকে আমি এক বিরল সাংবাদিক বলেই মনে করি। এবং একটা অকপট সত্য কথা প্রকাশ করার জন্য অন্তরের অন্তঃস্থল থেকে তার প্রতি শ্রদ্ধা নিবেদন করছি।

কথিত আছে, পৃথিবীতে সবচেয়ে মূল্যবান ধাতু ইউরেনিয়াম। ভারতে সবচেয়ে মূল্যবান হলো মুসলমান ভোট। কারণ তারা সংগঠিত, সেই ভোট নিজেদের পক্ষে নিয়ে আসতে কংগ্রেস সরকার অবসরপ্রাপ্ত বিচারপতি মাননীয় রাজেন্দ্র সাচারকে নিয়োগ করেন, মুসলমানদের পশ্চাৎপদতা এবং কিভাবে তাদেরকে উন্নয়নে এগিয়ে নিয়ে যাওয়া যায় তার পথ নির্ধারণ করতে। বিচারপতি সাচার তার রিপোর্টে শিক্ষা ও সরকারি চাকুরির ক্ষেত্রে মুসলমানদের অনগ্রসরতার যে পরিসংখ্যান দিয়েছেন তার ভিত্তিতে মনে হয় মুসলমানরা সত্যই বঞ্চিত। কিন্তু কতকগুলি ক্ষেত্রে যে তারা একচেটিয়া বিচরণ করছে তা সাচার কমিটির রিপোর্টে উল্লেখ নেই। যেমন পোশাক তৈরি, গাড়ির মিস্ত্রি, রঙ মিস্ত্রি, রাজমিস্ত্রি, কৃষি শ্রমিক, চর্মশিল্প শ্রমিক, চটকল শ্রমিক, জাহাজের নিম্নশ্রেণীর কর্মী, ফল ব্যবসায়ী, শয্যাদ্রব্য তৈরি ইলেকট্রনিক যন্ত্রপাতি রিপেয়ার, কশাইখানার কর্মী। এছাড়াও চুরি, ডাকাতি, রাহাজানি, মেয়ে পাচার, গরু পাচার, মাদক পাচার, টাকা জালিয়াতি, জালনোট পাচার, ভাড়াটে খুনি, আগ্নেয়াস্ত্র তৈরি ও পাচার ইত্যাদি।

ভারতীয় জেলখানাগুলির এক সমীক্ষায় প্রকাশ, যদিও ভারতে জনসংখ্যার ১৩ শতাংশ মুসলমান, জেলখানাগুলিতে প্রায় ৬০ শতাংশই মুসলমান। প্রয়াত কংগ্রেস

নেতা বরকত গনিখান চৌধুরী মালদার এক জনসভায় শ্রোতাদের জিজ্ঞেস করেন, প্রতি ১০ জন কয়েদির মধ্যে ৭ জন মুসলমান কেন? শ্রোতারা তার কোন উত্তর দিতে পারেনি। মুসলিম নেতা সিদ্দিকুল্লা চৌধুরি এক জনসভায় বলেছেন, গত ৩০ বছর সিপিএম শাসনে শতকরা ৬০ শতাংশ মুসলমান যুবক সমাজবিরোধীতে পরিণত হয়েছে।

শিক্ষাক্ষেত্রেই তাদের অনগ্রসরতার কথাই ধরা যাক, তারা ইচ্ছে করেই আধুনিক শিক্ষা গ্রহণ করে না, ইংরেজি এবং বাংলা কাফেরদের ভাষা। তারা মাদ্রাসা শিক্ষা শেখে যা বর্তমানকালে চাকুরির ক্ষেত্রে কোন কাজেই লাগে না। এখানে একটা উদাহরণ দিচ্ছি। ১৯৫০ সালে পূর্ব পাকিস্তানে হিন্দু বিতাড়ন আরম্ভ হলে কিছু শুভবুদ্ধিসম্পন্ন মুসলমান প্রশ্ন করেন, হিন্দু শিক্ষকরা সব চলে গেলে মুসলমান ছাত্রদেরকে লেখাপড়া শেখাবে কে? তখন চাঁদপুরের এম.এল.এ. আব্দুল সালাম মোক্তাব চাঁদপুর কলেজ ময়দানে এক জনসভায় বলেন, মুসলমান ছেলেদের লেখাপড়া করার দরকার নেই। কারণ ইসলাম ধর্মের প্রবর্তক হজরৎ মহম্মদ (দঃ) নিরক্ষর ছিলেন। মুসলমান ছেলেরা দেখছে লেখাপড়া শিখে যা রোজগার করা যায় তার থেকে অন্ধকার জগতে প্রবেশ করলে শীঘ্রই বড়লোক হওয়া যায়।

এখানে খাদিম কর্তা অপহরণের অভিযোগে গ্রেপ্তার হওয়া চুন্নু মিঞার কথাই ধরা যাক। ১৯৭১ সালে বাংলাদেশ থেকে এসে আব্বাজানের সঙ্গে প্রথমে তেলেভাজার দোকান খোলে। পরবর্তীকালে চুন্নু মিঞার সম্পত্তির যে হিসাব পুলিশ পেয়েছে তাতে দেখা যায় তার রয়েছে দুটি মিনিবাস, তিনটি গাড়ির মধ্যে একটি 'উনো' একটি 'জেন'। চারটি বাড়ি, দীঘায় তৈরি হচ্ছে ৬০ কামরার হোটেল, পার্ক সার্কাসে রয়েছে হোটেল আর চামড়ার কারখানা। সম্প্রতি সে প্রমোটারিতেও লেগেছে।

লিসবনে গ্রেপ্তার হওয়া মুম্বাই বিস্ফোরণের নায়ক দায়ুদ ইব্রাহিমের চ্যালা আবু সালেম আটের দশকে ভূপাল থেকে এসে মুম্বাইয়ের আন্ধেরীতে ফুটপাথে আশ্রয় নেয়। হকারি দিয়ে জীবন শুরু। ছোট ছোট অপরাধে হাত পাকিয়ে দাউদের দলে যোগ দেয়। এর পরের ইতিহাস সকলেরই জানা। এখান থেকে তাড়া খেয়ে বিদেশে পলায়ন। মুম্বাই ফিল্মের নায়িকা মণিকা বেদীকে রক্ষিতা হিসাবে রেখে বিলাসবহুল হোটেলে জীবন-যাপন, বিদেশে থেকেও এ দেশে অপহরণ ও তোলা আদায়ের ব্যবসা চলছে। এককালের মাফিয়া ডন হাজি মস্তানের কথাই ধরা যাক। মুম্বাই পুলিশের এক কনস্টেবলের ছেলে। মুম্বাই ডকের খালাসির চাকুরি দিয়ে জীবন আরম্ভ। তারপর চোরা চালানের মাধ্যমে এক বিত্তশালীতে পরিণত হয়।

